
Born in Bangladesh
to serve all over the world







# ANNUAL REPORT 2021-22

# জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
২০২১-২০২২




জন্মভূমি বাংলাদেশ
কর্মভূমি বিশ্বময়

**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

“প্রশিক্ষণ নিয়ে দক্ষ হয়ে বিদেশ যান
হুন্ডি নয়, বৈধ পথেই টাকা পাঠান”



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

দেশের প্রতি আমার টান
রেমিটেন্সে করবো প্রমাণ

**মন্ত্রী**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# বাণী

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কর্তৃক ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। নিরাপদ অভিবাসন, প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং বৈদেশিক কর্মসংস্থান সম্প্রসারণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটি'র নিরলস ও সফল প্রচেষ্টার প্রামাণিক দলিল প্রকাশের এই উদ্যোগকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাই।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উপজেলা পর্যায়ে একটি করে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষকর্মী তৈরীর নির্ধারিত লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী গড়ে প্রতি উপজেলা থেকে এক হাজার দক্ষ কর্মী বিদেশ প্রেরণের বিষয়ে উল্লেখ রয়েছে। এসব লক্ষ্য পূরণের জন্য সারাদেশে ৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে একটি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী ২৪টি নতুন টিটিসি উদ্বোধন করেছেন।

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ২০২১-২২ অর্থবছরে ৯,৬৬,৫০৫ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে এবং ১,৬৮,৭৬৯ কোটি টাকা (২১.০৩ বিলিয়ন ডলার) বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। কোভিড-১৯ পরবর্তীতে নানা প্রতিবন্ধকতা পেরিয়ে বিএমইটি তার লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপগুলো বাস্তবায়নে সফলভাবে কাজ করেছে। বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন, প্রশিক্ষণ সনদ ও বহির্গমনসহ বিভিন্ন সেবা ডিজিটালাইজ করেছে। অভিবাসী কর্মীদের নিরাপত্তা, কল্যাণ ও মর্যাদা সমুন্নত রাখতে বিএমইটি উন্নয়নের এই ধারা বজায় রেখে একনিষ্ঠভাবে কাজ করে যাবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন দেখেছেন। তাঁর দুঃসাহসিক এবং দৃঢ় বিশ্বাসী আত্মপ্রত্যয়ের মাধ্যমেই আমরা পেয়েছি স্বাধীনতা। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব বাংলাদেশকে এগিয়ে নিয়েছে এক অনন্য উচ্চতায়। আজ বাংলাদেশ বিশ্বের ৪১তম বৃহৎ অর্থনীতির দেশ এবং দক্ষিণ এশিয়ায় দ্বিতীয়। উন্নয়নের এ অগ্রযাত্রায় বিএমইটি আগামীতে আরো জোরালো ভূমিকা রাখবে এ আশাবাদ ব্যক্ত করছি। পরিশেষে বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**(ইমরান আহমদ,** এমপি)

থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ



**সিনিয়র সচিব**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"—নৈতিকতা ও মর্যাদাপূর্ণ শ্রম অভিবাসনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অঙ্গীকারবদ্ধ। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত ও গর্ববোধ করছি।

বিদেশ গমনেচ্ছু কর্মীদের সুষ্ঠু , নিরাপদ ও নিয়মতান্ত্রিক অভিবাসনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বিদেশ গমনেচ্ছু কর্মীদের সময়োপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। বিভাগীয় ও জেলা পর্যায়ে ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং ৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিসহ মোট ৭০টি প্রতিষ্ঠানের মাধ্যমে বিএমইটি বিদেশ গমনেচ্ছু কর্মীদের প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। বিদেশ প্রত্যাগত কর্মীদের অভিজ্ঞতালব্ধ দক্ষতার স্বীকৃতির জন্য সনদ প্রদান করা হচ্ছে। এছাড়াও ৪টি বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন, ফিঙ্গার প্রিন্টসহ প্রত্যাশিত সেবা প্রদানে বিএমইটি কাজ করে যাচ্ছে।

দেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের দ্বিতীয় প্রধান উৎস হিসেবে বৈদেশিক কর্মসংস্থান খাত সর্বজন স্বীকৃত। বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য কাজ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সরকারের এ খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ দেশের বৃহত্তর জনগোষ্ঠীর দোড়গোড়ায় প্রত্যাশিত সেবা প্রদানের লক্ষ্যে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কাজ করবে মর্মে আমি আশাবাদী।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য উত্তরসূরী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক-নির্দেশনায় অগ্রাধিকার ভিত্তিতে বিদেশগামী কর্মীদের করোনা টিকা প্রদানের ফলে করোনা পরবর্তীতে ২০২১-২০২২ অর্থবছরে সবোর্চ্চ সংখ্যক ৯,৬৬,৫০৫ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে, আর প্রবাসীদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ ছিল ২১.০৩ বিলিয়ন মার্কিন ডলার। ২০২১ সালে বিশ্বব্যাংকের রিপোর্ট অনুযায়ী প্রবাসী আয়ে সারা বিশ্বে বাংলাদেশ সপ্তম স্থান অর্জন করেছে। বৈধপথে রেমিটেন্স প্রেরণের ক্ষেত্রে সরকার বর্তমানে ২.৫% প্রণোদনা প্রদান করছে।

বিদেশগামী ও বিদেশে অবস্থানরত কর্মীদের বিভিন্ন সেবা প্রদানের পাশাপাশি ভবিষ্যতে বৈদেশিক কর্মসংস্থানের সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে সুষ্ঠু, নিরাপদ, নৈতিক ও দায়িত্বশীল অভিবাসন ব্যবস্থাপনায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কার্যকর ভূমিকা পালন করবে এবং তা অব্যাহত রাখবে বলে আমার দৃঢ় বিশ্বাস। একই সাথে বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**(ড. আহমেদ মুনিরুছ সালেহীন)**

জন্মভূমি বাংলাদেশ

কর্মভূমি বিশ্বময়



## মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

মানুষে মানুষে সম্পর্ক, অংশীদারিত্ব এবং কর্মের সুবাদে উন্মুক্ত আজকের পৃথিবী। তবু সীমানা পেরুতে কঠোরতম বাধা বিদ্যমান; আর সে বাধা অতিক্রমের সহজতম পথ অভিবাসন। অভিবাসন আজ উন্নত, মধ্যম এবং স্বল্পোন্নত সকল দেশের অর্থনীতির জন্য একান্ত অপরিহার্য অংশ। বাংলাদেশের উন্নয়ন ও কর্মসংস্থানের জন্য সে অপরিহার্যতা যেন অতি আবশ্যক। কর্মসংস্থান, রেমিটেন্স প্রবাহে গতি সঞ্চার, দেশের অভ্যন্তরে আইন শৃঙ্খলা উন্নতকরণ, প্রকৃতি-পরিবেশ সুরক্ষা এবং অধিক জনসংখ্যার দেশে কার্বন নিঃসরণ কমিয়ে একটু সুখকর নিঃশ্বাসের জন্য বৈদেশিক কর্মসংস্থানের অবদান গুরুত্বের সঙ্গে বিবেচিত হচ্ছে।

এ খাতের গুরুত্ব বৃদ্ধি পাওয়ায় নেতৃত্বে, সাহসে, সক্ষমতায় এগিয়ে যাচ্ছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিষ্ঠান জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)। অভিবাসনের প্রয়োজনে দক্ষ কর্মী প্রস্তুতের জন্য টিটিসি এবং আইএমটিসমূহ সক্রিয় হচ্ছে। প্রশিক্ষণের মান বাড়ছে, বাড়ছে তৃণমূল পর্যায়েও প্রশিক্ষণের সুযোগ। রিক্রুটিং এজেন্সিসমূহও তাদের সক্ষমতা বাড়াচ্ছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর বছর ২০২১-২০২২ অর্থবছরে সর্বকালের রেকর্ড সংখ্যক কর্মী চাকুরী নিয়ে বৈধ পথে বিদেশে গেছে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় ও প্রাজ্ঞ নেতৃত্বে অভিবাসন খাত দুর্বার বেগে এগিয়ে যাচ্ছে। ২০২৩ সালেও এ ধারা উর্ধ্বমুখী। আশা করা যায় ২০২২-২০২৩ অর্থবছরে অতীতের সকল রেকর্ড ভেঙ্গে আমরা নতুন রেকর্ড গড়তে পারবো।

অভিবাসনের ক্রমবর্ধমান ধারার সঙ্গে তাল মেলাতে গিয়ে আমরা বিএমইটি'র প্রশিক্ষণ, সনদায়ন, নিবন্ধন এবং স্মার্ট কার্ড প্রদান সেবা সহজ, স্বচ্ছ ও ডিজিটালাইজড করেছি। সেবা গ্রহীতাগণের TCV কমেছে। আমাদের চেতনা, কর্মধারা এবং বিশ্বাস আমরা বাংলাদেশে জন্মেছি বলে বাংলাদেশেই জমে থাকবো না। কর্মগুণে ও দক্ষতায় ছড়িয়ে পড়বো সারা বিশ্বে। আমাদের জন্মভূমি বাংলাদেশ, কর্মভূমি হবে বিশ্বময়।

এইক্ষণে বিশ্বজনিনতায় তাল রেখে দেশের উন্নয়ন অগ্রযাত্রায় ভূমিকা রাখতে গেলে আমাদের প্রয়োজন অভিবাসনে সুশাসন প্রতিষ্ঠা। সেই মহতি প্রয়োজন মেটাতে দৃঢ়ভাবে কাজ করে যাচ্ছে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর সকল কর্মকর্তা-কর্মচারীসহ অভিবাসী ভাই-বোনদের মেধা, প্রাণ ও প্রাজ্ঞতা।

এই বাংলার মাটি শহীদের রক্তে রঞ্জিত। এই বাংলার মাটি বঙ্গবন্ধুর প্রাণ। তাই এ মাটির মান রাখতে আমরা এগিয়ে যাবো। হারবো না কিছুতেই। আমরা এক অনন্য জাতির সন্তান। আমরা যুদ্ধে জিতেছি, জিতবো আবার। ২০২১-২০২২ অর্থবছরে আমরা ইতিহাস গড়েছি। উন্নয়নের ধারায় এগিয়ে গিয়ে আবার ২০২২-২০২৩ সালে উচ্চতর ইতিহাস আমরাই গড়বো, ইনশাআল্লাহ।

নিরাপদ অভিবাসন ও সুষ্ঠু অভিবাসনের সঙ্গে সম্পৃক্ত বাংলাদেশের রিক্রুটিং এজেন্সি, নিয়োগকারী দেশ ও প্রতিষ্ঠান, এনজিওসমূহ, আইওএম এবং আইএলওসহ আন্তর্জাতিক সংস্থার সচেতন এবং প্রতিজ্ঞদীপ্ত অঙ্গীকার খুবই প্রাসঙ্গিক। আমি তাই অভিবাসনের সঙ্গে সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছে দায়িত্বশীল অবদান আশা করি এবং অভিবাসন খাতের সাফল্য কামনা করি।

জয় বাংলা।

**(মোঃ শহীদুল আলম,** এনডিসি**)**



# মুখবন্ধ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো(বিএমইটি)'র রয়েছে দীর্ঘ পথ পরিক্রমায় বহুমাত্রিক অর্জন। করোনা মহামারীসহ বিভিন্ন প্রতিকূল পরিবেশেও প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমে জনশক্তি খাতে গতি সঞ্চার করে গৌরব উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করা সম্ভব হয়েছে। বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন এবং অভিবাসী কর্মীদের অধিকতর কল্যাণ ও নিরাপদ অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে বিএমইটি'র  নিরলস ও সফল প্রচেষ্টায় প্রাপ্ত অর্জনের প্রমাণিক দলিল হিসেবে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হলো। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কার্যাবলি, সম্পাদিত কার্যক্রম, কর্মপরিকল্পনা, অর্জনসমূহ, বাজেট ও কর্মকর্তা-কর্মচারীদের তথ্যসহ অন্যান্য কার্যক্রমের বিবরণ সন্নিবেশিত করা হয়েছে।

বিদেশ গমনেচ্ছু কর্মী এবং প্রবাসী কর্মীদের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং এর আওতাধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি কর্মসংস্থান অফিস, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করছে। ডিজিটাল বাংলাদেশ বিনিমার্ণের অংশ হিসেবে বিএমইটি'র কার্যক্রম ও সেবাসমূহ ডিজিটালাইটড করা হয়েছে। এর ফলে দ্রুত সেবা প্রদান এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি বিএমইটি'র কার্যক্রমে গতিশীলতা এসেছে। কর্মীদের সার্বিক সেবা নিশ্চিতকরণে বিএমইটি নতুন নতুন উদ্যোগ গ্রহণ করেছে। যেমন, ড্রাইভিং প্রশিক্ষণের জন্য পরিবহনপুল হতে প্রাপ্ত ১০০টি গাড়ী হস্তান্তর, ৭০টি প্রশিক্ষণ কেন্দ্রের পাশাপাশি ১১টি ডিইএমও-তে প্রি-ডির্পাচার ওরিয়েন্টেশন(পিডিও) চালু, বিএমইটি ভবনে অস্থায়ীভাবে রোমানিয়া কনস্যুলেট অফিস স্থাপনের মাধ্যমে ৫ হাজার ৫ শত কর্মীর ভিসা স্ট্যাম্পিং,  সকল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আমি প্রবাসী এ্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি, সনদ ছাড়াও অন-লাইনে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হচ্ছে, যা সময়োপযোগী একটি উদ্যোগ হিসেবে প্রশংশিত হয়েছে।

প্রকাশনায় উল্লিখিত তথ্যাদি সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের গবেষণা কাজে ব্যবহারসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্য সমৃদ্ধকরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশে মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব মহোদয় এবং বিএমইটি'র সম্মানিত মহাপরিচালকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রকাশনাটি আরো যুগোপযোগী ও তথ্যসমৃদ্ধ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংস্থাসহ গবেষক ও অনুসন্ধিৎসু পাঠকের যে কোন পরামর্শ কৃতজ্ঞতার সাথে গৃহীত হবে।

প্রতিবেদনটি ত্রুটিমুক্ত ও তথ্যসমৃদ্ধ করতে সম্পাদনা কমিটি অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

**এ এইচ এম আনোয়ার পাশা**
অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)

# বার্ষিক প্রতিবেদন
## ২০২১-২০২২



### সার্বিক নির্দেশনায়

- জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি, মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

### সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| জনাব আবুল হাসনাত মুহম্মদ আনোয়ার পাশা, অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), বিএমইটি | আহ্বায়ক |
| জনাব মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া, পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি | সদস্য |
| জনাব মোহাম্মদ আবদুল হাই, পিএএ, পরিচালক (বহির্গমন), বিএমইটি | সদস্য |
| প্রকৌশলী মোঃ সালাহ উদ্দিন, পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), বিএমইটি | সদস্য |
| জনাব দেওয়ান মোঃ নজমুল হক, উপপরিচালক, বিএমইটি | সদস্য |
| জনাব মোঃ মাসুদ রানা, উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি | সদস্য |
| জনাব জোহরা মনসুর, উপপরিচালক (কর্মসংস্থান), বিএমইটি | সদস্য |
| জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি | সদস্য |
| জনাব মোঃ নাসিরুজ্জামান, উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি | সদস্য |
| জনাব মোঃ হেলাল উদ্দিন, সহকারী পরিচালক (সাধারণ সেবা), বিএমইটি | সদস্য |
| জনাব রাহেনুর ইসলাম, সহকারী পরিচালক, বিএমইটি | সদস্য |
| জনাব কাইজার মোহাম্মদ ফারাবী, পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি | সদস্য সচিব |


প্রকাশকাল ▪ ফাল্গুন ১৪২৯
ফেব্রুয়ারি ২০২৩

মুদ্রণ ব্যবস্থাপনা ▪ লেটারপ্রেস
কাঁটাবন, ঢাকা। ফোন: ০১৭১১১৬৬৩৭৫
ই-মেইল: letterpressltd@gmail.com

# সূচিপত্র

## অধ্যায় ১ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো


১.১ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচিতি ..... ১৯
১.২ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর রূপকল্প ও অভিলক্ষ্য ..... ১৯
১.৩ বিএমইটি'র কার্যাবলি ..... ১৯
১.৪ বিএমইটি'র সাংগঠনিক কাঠামো ..... ২০
১.৫ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র জনবলের পরিসংখ্যান ..... ২১
১.৬ শাখা ভিত্তিক কার্যক্রমের বিবরণ ..... ২৩
১.৭ বার্ষিক কর্মসম্পাদনে ২০২১-২০২২ অর্থ বছরে বিএমইটি'র অর্জন ..... ২৬
১.৮ ২০২১-২২ অর্থবছরে বিএমইটি কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের তথ্যাদি ..... ৩৬
১.৯ আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন ..... ৪২


## অধ্যায় ২ বিএমইটি'র প্রশিক্ষণ শাখার কার্যক্রম


২.১ মানব সম্পদ উন্নয়নে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ ..... ৪৩
২.২ ড্রাইভিং প্রশিক্ষণ ..... ৪৪
২.৩ হাউজ কিপিং প্রশিক্ষণ ..... ৪৪
২.৪ RPL কার্যক্রম ..... ৪৫
২.৫ Jiansu Maritime Institute (JMI) Nanjing, China এ প্রশিক্ষণ কার্যক্রম ..... ৪৬
২.৬ হেভি ইকুইপমেন্ট অপারেশন প্রশিক্ষণ ..... ৪৬
২.৭ পার্টনারশীপ ভিত্তিক প্রশিক্ষণ ..... ৪৬
২.৮ City & Guilds এর আওতায় প্রশিক্ষণ ..... ৪৮
২.৯ KOICA এর কারিগরি ও আর্থিক সহায়তায় প্রশিক্ষণ ..... ৪৮
২.১০ ভাষা শিক্ষা প্রশিক্ষণ ..... ৪৮
২.১১ বিনামূল্যে প্রশিক্ষণ ..... ৪৯
২.১২ প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম ..... ৪৯
২.১৩ বিনা অভিবাসন খরচে জাপানে কর্মী প্রেরণ ..... ৫০
২.১৪ বায়োমেডিক্যাল ট্রেডকোর্স পরিচালনা ..... ৫০
২.১৫ হোটেল ম্যানেজমেন্ট কোর্স ..... ৫০
২.১৬ বিএমইটি'র আওতায় BTEB এর মাধ্যমে প্রস্তুতকৃত Competency Standard (CS) ..... ৫০
২.১৭ প্রি-ডিপার্চার ওরিয়েন্টশন ..... ৫১
২.১৮ চতুর্থশিল্প বিপ্লবের আওতায় বিএমইটি'র প্রশিক্ষণ কার্যক্রম ..... ৫২
২.১৯ সনদায়ন ..... ৫২
২.২০ আইএমটি ও টিটিসির প্রশিক্ষণ পরিসংখ্যান ..... ৫২

## অধ্যায় ৩ নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রম


৩.১ ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অভিবাসন ..... ৫৩
৩.২ বৈদেশিক কর্মসংস্থানে বিএমইটি'র রেকর্ড ..... ৫৩
৩.৩ জেলা ভিত্তিক অভিবাসন ..... ৫৬
৩.৪ অভিবাসনে নারী কর্মী ..... ৫৬
৩.৫ দক্ষতা ভিত্তিক কর্মীর পরিসংখ্যান ..... ৫৯
৩.৬ রেমিটেন্স অর্জনে বিএমইটি'র ভূমিকা ..... ৬০
৩.৭ জেলা কর্তৃক প্রদত্ত সেবা ..... ৬৩
৩.৮ রেজিস্ট্রেশন ..... ৬৩
৩.৯ ভিসা যাচাই ..... ৬৩
৩.১০ ফিঙ্গারপ্রিন্ট ..... ৬৩
৩.১১ স্মার্টকার্ড প্রদান ..... ৬৪
৩.১২ ২০২১-২২ অর্থ বছরে বিএমইটি কর্তৃক আদায়কৃত রাজস্ব সংক্রান্ত তথ্য ..... ৬৪
৩.১৩ রিক্রুটিং এজেন্সির নতুন লাইসেন্স ইস্যুকরণ/নবায়ন/বাতিল ..... ৬৪
৩.১৪ অভিযোগ ব্যবস্থাপনা ..... ৬৫


## অধ্যায় ৪ ডিইএমও'র মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম



৪.১ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ৪২ থেকে ৬৪ এ উন্নীতকরণ ..... ৬৭


## অধ্যায় ৫ উন্নয়ন প্রকল্প


৫.১ চলমান ও প্রস্তাবিত প্রকল্প ..... ৬৯


## অধ্যায় ৬ বিবিধ


৬.১ আইএমটি এর তালিকা ..... ৮২
৬.২ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা ..... ৮২
৬.৩ বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর তালিকা ..... ৮৫
৬.৪ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর তালিকা ..... ৮৬
৬.৫ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তরের তালিকা ..... ৮৮



## নির্বাচনী ইশতেহার ২০১৮

(অভিবাসন সম্পর্কিত)

- বিদেশে যাওয়ার সময় নমনীয় শর্ত ও সুদে এবং দেশে ফেরার পর স্থায়ী কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় ঋণ প্রদান সুনিশ্চিত করা হবে।
- বিভিন্ন দেশে আরও বেশি সংখ্যক প্রশিক্ষিত কর্মী প্রেরণ এবং তাদের শ্রমলব্ধ অর্থের আয়বর্ধক ও লাভজনক বিনিয়োগ নিশ্চিতকরণ সম্পর্কিত নীতি-পরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখা হবে।
- প্রতি উপজেলা থেকে গড়ে ১ হাজার যুব বা যুব মহিলা বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

–মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# এক নজরে বিএমইটি

- গত ২০২১-২২ অর্থবছরে ৫০ বছরের মধ্যে রেকর্ড সংখ্যক প্রায় ১০ লক্ষ কর্মী বিদেশে প্রেরণ।
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য মুজিব বর্ষের শ্লোগান "মুজিব বর্ষের আহ্বান, দক্ষ হয়ে বিদেশ যান' রচনা।
- বিদেশগামী বাংলাদেশী কর্মীদের অগ্রাধিকার ভিত্তিতে কোভিড-১৯ টিকা প্রাপ্তিতে সহায়তা।
- সহজে ও দ্রুততম সময়ে স্মার্ট কার্ড প্রদানের লক্ষ্যে বহির্গমন ছাড়পত্র প্রদানের ক্ষমতা ৩ জন পরিচালকের মধ্যে বিকেন্দ্রীকরণ করা।
- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র নিয়োগবিধির চূড়ান্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।
- বিএমইটি'র আওতাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ NTVQF এর আওতায় চালুকরণ।
- বিদেশগামী কর্মীদের প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) কোর্সে অনলাইন ভিত্তিক ভর্তি গ্রহণ ও সনদায়নের মাধ্যমে সেবা সহজীকরণ।
- মাননীয় প্রধানমন্ত্রীর ৭৬তম জন্মদিনে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে অনলাইন ইমিগ্রেশন ক্লিয়ারেন্স কার্যক্রম চালু।
- উপজেলা পর্যায়ে নবনির্মিত ২৪টি টিটিসি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন ও প্রশিক্ষণ চালুকরণ।
- উপজেলা পর্যায়ে ৫০টি নতুন টিটিসি নির্মাণের প্রকল্প প্রস্তাব চূড়ান্ত করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ।
- ২২টি জেলায় নতুন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) স্থাপনের প্রশাসনিক অনুমোদন।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুল হতে ১০০টি গাড়ী সংগ্রহপূর্বক প্রশিক্ষণ কার্যে ব্যবহারের নিমিত্ত টিটিসিসমূহে সরবরাহ।
- গৃহকর্ম পেশায় বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের হাউজকিপিং প্রশিক্ষণে অনলাইনে ভর্তি ও সনদায়ন এবং প্রশিক্ষণ মেয়াদ ১ মাস হতে ২ মাসে উন্নীতকরণ।
- ৭০টি প্রশিক্ষণ কেন্দ্রের সাথে ১১টি ডিইএমও তে প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) চালুকরণ।
- বিদেশগামী কর্মীদের নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণের জন্য 'আমি প্রবাসী' এ্যাপ চালু করণ।
- রোমানিয়াতে বাংলাদেশী কর্মী প্রেরণের লক্ষ্যে বিএমইটি ভবনে অস্থায়ীভাবে রোমানিয়া কনসুলেট অফিস স্থাপন করে প্রায় ৫ হাজার ৫ শত জন কর্মীর ভিসা স্ট্যাম্পিংকরণ।
- দীর্ঘদিন ধরে বন্ধ থাকা মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত করে কর্মী প্রেরণের ব্যবস্থাকরণ।
- বিনা অভিবাসন ব্যয়ে IM Japan এর মাধ্যমে জাপানে অধিক সংখ্যক টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ।
- কোরিয়া ও জাপানি ভাষা প্রশিক্ষণে KOICA ও JAICA এর মাধ্যমে কোরিয়া ও জাপানি ভলান্টিয়ার নিয়োজিতকরণ।
- সৌদি আরবে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে Skills Verification Program (SVP) করার লক্ষ্যে তাকামলের সাথে চুক্তি সম্পাদন।
- বিএমইটি ভবন আধুনিকায়ন, সৌন্দর্য বর্ধন ও পরিবেশ বান্ধব করা হয়েছে। ভবনের ২য় তলায় 'পাথরে পুষ্পকানন' নামে ৩টি সুশোভিত বাগান তৈরি করা হয়েছে।
- মন্ত্রণালয়, বিএমইটি এবং এনজিওসমূহের অংশীদারিত্বে বিএমইটি ও এর অধীন দপ্তরের কর্মকর্তা ও প্রশিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ।
- বিএমইটি'র কর্মকর্তাদের দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করণ।
- বন্যা দুর্গত জেলাসমূহে (সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম) জেলা প্রশাসন,

উপজেলা প্রশাসন, টিটিসি এবং ডিইএমও এর সমন্বয়ে দরিদ্র মেধাবী, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের মাঝে ২০০টি বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

- ২০২১-২২ অর্থবছরে বিএমইটি'র রাজস্ব বাজেটের দক্ষভাবে প্রায় শতভাগ দক্ষতার সাথে ব্যবহার করে উন্নয়ন কর্মকাণ্ড নিশ্চিত করা হয়েছে।
- ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পদন চুক্তিতে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন।
- বিএমইটিকে অধিদপ্তরে উন্নীতকরণে সচিব কমিটির অনুমোদন প্রাপ্তি।
- বিএমইটি'র আইটি শাখার জন্য পদ সৃজনপূর্বক জনবল নিয়োগের জন্য চূড়ান্ত প্রস্তাব পিএসসি তে প্রেরণ।
- জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম গঠনের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের শারীরিক ও মানসিক উন্নয়ন।
- ২০২১-২২ অর্থবছরে ননট্যাক্স রেভিনিউ খাতে লক্ষ্যমাত্রার প্রায় ১২ গুণ রেভিনিউ সরকারি কোষাগারে জমা প্রদান।
- বিএমইটি'র আওতাধীন রিক্রুটিং এজেন্সিসমূহ ব্যবস্থাপনার জন্য অনলাইন RAIMS সিস্টেম কার্যকর করা।
- বিএমইটি'র আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের PDS সিস্টেম এ অন্তর্ভুক্তিকরণ।
- বিএমইটিতে নান্দনিকভাবে বঙ্গবন্ধু কর্ণার হিসেবে 'Wall of Fame' স্থাপন।
- টিটিসি ও আইএমটিসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।
- দালাল ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য কমাতে ঢাকাসহ জেলা-উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থাকরণ।
- আইএমটিসমূহ হতে মেধাবী শিক্ষার্থীদের বাছাই করে Jiangsu Maritime Institute, China তে বিনা খরচে অধ্যয়নের জন্য প্রেরণ।
- বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ উর্ধ্বমূখীকরণ।
- দেশব্যাপী অভিবাসন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা-উপজেলা পর্যায়ে সেমিনার আয়োজন।
- ILO, IOM এর সঙ্গে নিরাপদ অভিবাসন বিষয়ক সভা, সেমিনার, কর্মশালা আয়োজন।
- ILO এর কারিগরি ও আর্থিক সহয়তায় বিদেশ প্রত্যাগত কর্মী ও তাদের পরিবারের সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদান।
- অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল ও ILO এর অর্থয়ানে বিদেশ প্রত্যাগত কর্মী ও তাদের পরিবারের সদস্যদের Recognition of Prior Learning (RPL) প্রদান।
- City & Guilds এর আওতায় ৪টি টিটিসিতে ৬ মাস মেয়াদী ডিপ্লোমা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ।
- বিএমইটি'র আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষকদের NTVQF এর আওতায় সর্বোচ্চ Level-IV পর্যন্ত প্রশিক্ষণ প্রদান।
- KOICA এর কারিগরি ও SEIP এর আর্থিক সহয়তায় বিজি-টিটিসি, ঢাকা, খুলনা টিটিসি ও সিলেট টিটিসি এর সংস্কার ও আধুনিকায়ন কার্যক্রম পরিচালনা।
- SSW এর আওতায় BMET ও WHITA Corporation এর সাথে স্বাক্ষরিত MoU এর মাধ্যমে কেয়ারগিভার পেশায় প্রশিক্ষণ প্রদান।
- ২২টি পেশায় Competency Standard (CS), ৮টি পেশায় Competency Based Learning Material (CBLM) ও Competency Based Curriculumn (CBC) প্রস্তুতকরণ।

# অধ্যায় ১ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

## ১.১ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচিতি

এক সাগর রক্তের বিনিময়ে ১৯৭১ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশ পৃথিবীর মানচিত্রে আপন মহিমায় জন্ম লাভ করে। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধ বিধ্বস্ত দেশের অর্থনীতি পুনরুদ্ধার করতে কূটনৈতিক তৎপরতা গ্রহণ করায় মধ্যপ্রাচ্যের মুসলিম দেশসমূহে কর্মী গ্রহণে সম্মত হয়। আমাদের প্রবাসীরা সারা বিশ্বেই সুনামের সাথে কাজ করে আসছে। বৈদেশিক শ্রমবাজারে আমাদের অংশগ্রহণ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বৈদেশিক কর্মসংস্থানে দেশের বেকার ও দক্ষ জনগোষ্ঠীকে আরো সম্পৃক্ত করা এবং তাদের প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত করে জনসম্পদে পরিণত করে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের জন্য ১৯৭৬ সালে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠার পর থেকেই জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর মাধ্যমে সামগ্রিকভাবে বৈদেশিক কর্মসংস্থান ব্যবস্থাপনা ও দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং বিদেশে কর্মী প্রেরণ শুরু হয়। বেসরকারি খাতকে উৎসাহিত করার লক্ষ্যে ১৯৮৪ সাল থেকে রিক্রুটিং এজেন্টসমূহকে কর্মী প্রেরণের অনুমতি প্রদান করা হয়, যার সার্বিক ব্যবস্থাপনা/মনিটরিং ব্যুরোর ওপর ন্যস্ত করা হয়। বর্তমানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)'র মাধ্যমে দক্ষ কর্মী সৃষ্টির কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এছাড়াও ৪টি বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে বিদেশ গমনেচ্ছু কর্মীদের প্রত্যাশিত সেবা প্রদান করা হচ্ছে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র আওতাধীন প্রতিষ্ঠানসমূহের পরিসংখ্যান নিম্নরূপ;

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি | ০৬ |
| ২ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) | ৬৪ |
| ৩ | বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস | ০৪ |
| ৪ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | ৪২ |
| ৫ | শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর | ০৩ |

## ১.২ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর রূপকল্প ও অভিলক্ষ্য

**রূপকল্প (Vision):**

বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও অভিবাসী কর্মীদের অধিকতর কল্যাণ ও নিরাপদ অভিবাসন।

**অভিলক্ষ্য (Mission):**


বিশ্ব শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে যথাযথ কারিগরি প্রশিক্ষণ প্রদান, সুষ্ঠু ও নিরাপদ অভিবাসন ব্যবস্থাপনার মাধ্যমে কর্মপ্রত্যাশী জনগোষ্ঠীর বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং অভিবাসী কর্মীদের সুরক্ষা, অধিকতর কল্যাণ ও অধিকার নিশ্চিত করা।

## ১.৩ বিএমইটি'র কার্যাবলি

- বিদেশ গমনেচ্ছু কর্মীদের সুষ্ঠু, নিরাপদ ও দায়িত্বশীল বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিতকরণে সুশাসন প্রতিষ্ঠা করা;
- অভিবাসীর সংখ্যা অনধিক ২৫ (পঁচিশ) জন হলে সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন কর্তৃক সত্যায়িত চাহিদাপত্র পরীক্ষা এবং প্রক্রিয়াকরণ;
- অভিবাসীর সংখ্যা ২৫ (পঁচিশ) জনের অধিক হলে অথবা চাহিদাপত্র মিশন বা দূতাবাস কর্তৃক সত্যায়িত না হলে সরকার কর্তৃক অনুমোদিত চাহিদাপত্র প্রক্রিয়াকরণ;

- বহির্গমন ছাড়পত্র প্রদান;
- অভিবাসী কর্মীগণকে নিয়োগের শর্তাবলী সম্পর্কে পরিপূর্ণ জ্ঞাত বা অবহিতকরণ;
- অভিবাসী কর্মীদের বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে নিয়োগকৃত সংশ্লিষ্ট দেশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর, ই-মেইল, ঠিকানা, হেল্প লাইন নম্বর (যদি থাকে), আবাসনের ঠিকানা (যদি থাকে) এবং শ্রম কল্যাণ উইং কর্তৃক প্রদত্ত অন্যান্য সুবিধা সম্পর্কিত তথ্য প্রদান;
- বহির্গমন ছাড়পত্রের তালিকা সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ মিশন বা দূতাবাসে অনলাইনে প্রেরণ;
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে কর্মীদের প্রশিক্ষণ বা ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহণ;
- বিদেশ গমন ও বাংলাদেশে প্রত্যাবর্তনের সময় বিমান বন্দর বা ক্ষেত্রমত, স্থল ও নৌ বন্দরে অভিবাসী কর্মীদের প্রয়োজনীয় সহায়তা ও সেবা প্রদান;
- কার্যকর এবং দক্ষ অভিবাসন ও কর্মসংস্থান সেবা গড়ে তোলার জন্য বিভিন্ন প্রকার ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করা;
- বৈদেশিক কর্মসংস্থান বিষয়ে একটি তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠা করা এবং ব্যুরোর ওয়েবসাইটে মাসিক প্রতিবেদন প্রকাশ নিশ্চিতকরণ;
- আর্ন্তজাতিক শ্রমবাজার সম্পর্কে তথ্য-উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও গবেষণা করা;
- বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি ও পরিধি সম্প্রসারণের জন্য উদ্যোগ গ্রহণ করা;
- সরকার কর্তৃক অনুমোদিত রিক্রুটিং এজেন্টদের তথ্য সংরক্ষণ করা;
- রিক্রুটিং এজেন্টদের কার্যক্রম মনিটরিং ও এতদসংক্রান্ত অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি;
- বৈদেশিক কর্মসংস্থানের চাহিদার ভিত্তিতে দক্ষ জনবল সৃষ্টি করা;
- বর্তমান শ্রমবাজার রক্ষার পাশাপাশি নতুন শ্রমবাজার সৃষ্টির লক্ষ্যে কাজ করা;
- আত্ম-কর্মসংস্থানের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা প্রদান;
- অভিবাসী কর্মীর সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন।

## ১.৪ বিএমইটি'র সাংগঠনিক কাঠামো (সংক্ষিপ্ত)




- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং আইএমটিসমূহ অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) এর তত্ত্বাবধানে পরিচালক (প্রশিক্ষণ) এর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে।
- বিভাগীয় এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহ অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) এর তত্ত্বাবধানে পরিচালক (কর্মসংস্থান) এর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে।

## ১.৫ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র জনবলের পরিসংখ্যান

**বিএমইটি'র জনবলের পরিসংখ্যান নিম্নরূপ;**

| ক্রম নং | পদের নাম | গ্রেড | মঞ্জুরিকৃত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| ০১ | মহাপরিচালক | ১ | ১ | ১ | ০ |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) | ৩ | ১ | ১ | ০ |
| ০৩ | অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) | ৩ | ১ | ১ | ০ |
| ০৪ | পরিচালক (প্রশিক্ষণ উইং) | ৪ | ২ | ২ | ০ |
| ০৫ | অধ্যক্ষ (বিআইএমটি) | ৪ | ৬ | ৪ | ২ |
| ০৬ | পরিচালক (কর্মসংস্থান উইং) | ৫ | ৩ | ৩ | ৩ |
| ০৭ | অধ্যক্ষ (টিটিসি) | ৬ | ৮১ | ৩০ | ৫১ |
| ০৮ | প্রোগ্রামার | ৬ | ১ | ০ | ১ |
| ০৯ | উপাধ্যক্ষ (বিআইএমটি) | ৬ | ৬ | ০ | ৬ |
| ১০ | সিনিয়র ইন্সট্রাক্টর (আইএমটি) | ৬ | ৪৩ | ১৩ | ৩০ |
| ১১ | উপ পরিচালক (কর্মসংস্থান উইং) | ৬ | ৯ | ৭ | ২ |
| ১২ | উপ পরিচালক (প্রশিক্ষণ উইং) | ৬ | ৯ | ৬ | ৩ |
| ১৩ | উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা | ৬ | ২ | ২ | ০ |
| ১৪ | মেডিক্যাল অফিসার | ৮ | ১ | ০ | ১ |
| ১৫ | সহকারী পরিচালক (কর্মসংস্থান) | ৯ | ৫১ | ৪২ | ৯ |
| ১৬ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ৯ | ১২ | ২ | ১০ |
| ১৭ | সহকারী প্রোগ্রামার | ৯ | ২ | ০ | ২ |
| ১৮ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ৯ | ১ | ০ | ১ |
| ১৯ | পরিসংখ্যান কর্মকর্তা | ৯ | ৪ | ৩ | ১ |
| ২০ | ইন্সট্রাক্টর (বিআইএমটি) | ৯ | ৮৫ | ৪৪ | ৪১ |
| ২১ | ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট | ৯ | ১৩ | ৪ | ৯ |
| ২২ | ইন্সট্রাক্টর (পদার্থ, কম্পিউটার সায়েন্স, গণিত, রসায়ন) আইএমটি | ৯ | ১৫ | ৯ | ৬ |
| ২৩ | উপাধ্যক্ষ (টিটিসি) | ৯ | ৬৩ | ২০ | ৪৩ |
| ২৪ | সহকারী পরিচালক (শিক্ষানবিশি) | ৯ | ৩ | ১ | ২ |
| ২৫ | স্টাফ ট্রেইনার | ১০ | ৪ | ১ | ৩ |
| ২৬ | উপ-সহকারী পরিচালক | ১০ | ৫১ | ৩০ | ২১ |
| ২৭ | ডক মাষ্টার | ১০ | ১ | ১ | ০ |
| ২৮ | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ১০ | ২ | ২ | ০ |
| ২৯ | টেকনিক্যাল অফিসার | ১০ | ৪ | ০ | ৪ |
| ৩০ | টেকনিক্যাল এ্যাসিসটেন্ট | ১০ | ৬ | ২ | ৪ |
| ৩১ | ক্রাফট ইন্সট্রাক্টর (আইএমটি) | ১০ | ৩০ | ২ | ২৮ |
| ৩২ | চীফ ইন্সট্রাক্টর (টিটিসি) | ১০ | ৩০৬ | ১৩৫ | ১৭১ |
| ৩৩ | সিনিয়র ইন্সট্রাক্টর (ডিপ্লোমা+নন ডিপ্লোমা) | ১০/১১ | ৫৪৬ | ১৯৮ | ৩৪৮ |
| ৩৪ | ইন্সট্রাক্টর (ডিপ্লোমা+নন ডিপ্লোমা) | ১০/১১/১৪ | ৮৮৫ | ৫৫৫ | ৩৩০ |
| ৩৫ | জনশক্তি জরিপ অফিসার | ১১ | ১৬৬ | ১৩০ | ৩৬ |
| ৩৬ | সিনিয়র ইন্সট্রাক্টর (বিষয় ভিত্তিক) | ১১ | ৪৬ | ২৭ | ১৯ |
| ৩৭ | সিনিয়র শিক্ষক | ১১ | ৩৫ | ২২ | ১৩ |
| ৩৮ | জেনারেল শিক্ষক | ১১ | ২৫ | ১৫ | ১০ |
| ৩৯ | ইন্সট্রাকটর (বিষয় ভিত্তিক) | ১১ | ২২৭ | ৩১ | ১৯৬ |
| ৪০ | জনসংযোগ কর্মকর্তা | ১২ | ১ | ০ | ১ |

| ক্রম নং | পদের নাম | গ্রেড | মঞ্জুরিকৃত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| ৪১ | লাইব্রেরিয়ান (ডিইএমও এবং বিভাগীয় অফিস) | ১৩ | ৭ | ১ | ৬ |
| ৪২ | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ১৩ | ১৯ | ৩ | ১৬ |
| ৪৩ | লঞ্চ সারেং (উচ্চ স্কেল) | ১৩ | ১ | ১ | ০ |
| ৪৪ | রেজিস্ট্রার | ১৩ | ১ | ১ | ০ |
| ৪৫ | হোস্টেল সুপারিনটেনডেন্ট (বিআইএমটি) | ১৬ | ১ | ১ | ০ |
| ৪৬ | কম্পিউটার অপারেটর | ১৩ | ১৩৪ | ৩৪ | ১০০ |
| ৪৭ | ক্রাফট ইন্সট্রাক্টর (বিআইএমটি) | ১৪ | ১৪ | ৬ | ৮ |
| ৪৮ | লাইব্রেরিয়ান (২৪ টিটিসি, ৫আইএমটি, ১০টিটিসি ও ১৭ টিটিসি) | ১৪ | ৫৬ | ১৭ | ৩৯ |
| ৪৯ | ফিজিক্যাল ইন্সট্রাক্টর | ১৪ | ১ | ০ | ১ |
| ৫০ | ড্রাফট্সম্যান ইন্সট্রাক্টর | ১৪ | ১৪ | ৬ | ৮ |
| ৫১ | আরবী শিক্ষক | ১৪ | ৫ | ৩ | ২ |
| ৫২ | ড্রাফট্সম্যান | ১৪ | ২ | ২ | ০ |
| ৫৩ | পরিসংখ্যান সহকারী | ১৪ | ৩ | ০ | ৩ |
| ৫৪ | প্রধান সহকারী | ১৪ | ১০১ | ৫০ | ৫১ |
| ৫৫ | কেয়ারটেকার (উচ্চ স্কেল) | ১৪ | ১১ | ৪ | ৭ |
| ৫৬ | আর্টিস্ট | ১৪ | ১ | ১ | ০ |
| ৫৭ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১৪ | ৩৬ | ১৪ | ২২ |
| ৫৮ | ইউডিএ (একাউনটেন্ট)/হিসাব রক্ষক | ১৪ | ৫৮ | ১৬ | ৪২ |
| ৫৯ | ইউডিএ কাম একাউনটেন্ট (উচ্চ স্কেল) | ১৪ | ২৪ | ৭ | ১৭ |
| ৬০ | ইউডিএ কাম একাউনটেন্ট (নিম্ন স্কেল) | ১৫ | ২৩ | ১ | ২২ |
| ৬১ | লঞ্চ সারেং (নিম্ন স্কেল) | ১৫ | ৭ | ২ | ৫ |
| ৬২ | লঞ্চ ড্রাইভার | ১৫ | ৭ | ১ | ৬ |
| ৬৩ | স্পীড বোট ড্রাইভার | ১৫ | ১ | ০ | ১ |
| ৬৪ | ইউডিএ (উচ্চমান সহকারী) | ১৫ | ২১ | ৩ | ১৮ |
| ৬৫ | ইউডিএ (খাজাঞ্চী) | ১৫ | ১ | ০ | ১ |
| ৬৬ | স্টোরকিপার (উচ্চ স্কেল) | ১৫ | ১ | ১ | ০ |
| ৬৭ | কম্পাউন্ডার (টিটিসি) | ১৫ | ৩৬ | ২৭ | ৯ |
| ৬৮ | স্টোরকিপার (আইএমটি) নিম্ন স্কেল | ১৬ | ৬৩ | ২১ | ৪২ |
| ৬৯ | কেয়ারটেকার (নিম্ন স্কেল) | ১৬ | ৪২ | ১৯ | ২১ |
| ৭০ | অফিস সহকারী কাম ক্যাশিয়ার/ক্যাশিয়ার | ১৬ | ৭৮ | ১ | ৭৭ |
| ৭১ | স্কীল্ড ওয়ার্কার | ১৬ | ৪৮ | ১০ | ৩৮ |
| ৭২ | ড্রেসার | ১৬ | ২২ | ৯ | ১৩ |
| ৭৩ | হোস্টেল সুপারিনটেনডেন্ট (আইএমটি) | ১৬ | ৫ | ১ | ৪ |
| ৭৪ | হোস্টেল সুপারিনটেনডেন্ট (টিটিসি) /হোস্টেল সুপার | ১৬ | ৫৭ | ৬ | ৫১ |
| ৭৫ | সহকারি হোস্টেল সুপারিনটেনডেন্ট (বিআইএমটি) | ১৬ | ১ | ১ | ০ |
| ৭৬ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১৬ | ১১৫ | ২৪ | ৯১ |
| ৭৭ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ১৬ | ৮ | ০ | ৮ |
| ৭৮ | লাইব্রেরিয়ান (নিম্ন স্কেল) | ১৬ | ১২ | ৩ | ৯ |
| ৭৯ | ড্রাইভার (হেভী) | ১৬ | ৭৮ | ৩৫ | ৪৩ |
| ৮০ | ইমাম কাম মোয়াজ্জিন | ১৬ | ১ | ১ | ০ |
| ৮১ | সহকারী স্টোর কিপার (টিটিসি) | ১৭ | ১৬ | ১০ | ৬ |
| ৮২ | উইঞ্চ অপারেটর | ১৭ | ১ | ১ | ০ |
| ৮৩ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ১৮ | ২ | ১ | ১ |

| ক্রম নং | পদের নাম | গ্রেড | মঞ্জুরিকৃত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| ৮৪ | রেকর্ড সাপ্লাইয়ার | ১৮ | ২ | ০ | ২ |
| ৮৫ | খালাসী (বিআইএমটি) | ১৮ | ৬ | ৬ | ০ |
| ৮৬ | ওয়ার্কসপ এটেনডেন্ট | ১৯ | ৪৩৩ | ৩১৭ | ১১৬ |
| ৮৭ | টুলরুম এটেনডেন্ট | ১৯ | ২ | ০ | ২ |
| ৮৮ | দপ্তরী/ক্যাশ সরকার | ১৯ | ৪ | ০ | ৪ |
| ৮৯ | সুকানী | ১৯ | ১ | ১ | ০ |
| ৯০ | গ্রীজার | ১৯ | ১ | ০ | ১ |
| ৯১ | কুক | ১৯ | ২০ | ১২ | ৮ |
| ৯২ | ল্যাব এটেনডেন্ট (টিটিসি) | ১৯ | ৪৮ | ২৯ | ১৯ |
| ৯৩ | অফিস সহায়ক | ২০ | ২৮৭ | ১৭১ | ১১৬ |
| ৯৪ | ল্যাব এটেনডেন্ট (বিআইএমটি) | ২০ | ২ | ২ | ০ |
| ৯৫ | ল্যাবরেটরি বেয়ারার | ২০ | ১১ | ০ | ১১ |
| ৯৬ | লঞ্চ লস্কর | ২০ | ৪ | ১ | ৩ |
| ৯৭ | লঞ্চ ক্রু | ২০ | ৪ | ৪ | ০ |
| ৯৮ | নিরাপত্তা প্রহরী | ২০ | ২৫৪ | ১৯২ | ৬২ |
| ৯৯ | মালী | ২০ | ৪২ | ৩৬ | ৬ |
| ১০০ | পরিচ্ছন্নতা কর্মী | ২০ | ১০৭ | ৮১ | ২৬ |
| ১০১ | ইলেকট্রিশিয়ান | ২০ | ২৪ | ২৪ | ০ |
| | | মোট= | ৫১২৪ | ২৫৬২ | ২৫৬২ |

## ১.৬ শাখা ভিত্তিক কার্যক্রমের বিবরণ

| ক্রম | পদের নাম | দায়িত্ব |
|---|---|---|
| ১ | প্রশাসন ও অর্থ শাখা | **মহাপরিচালক-এর সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কাজগুলো করা হয়:**<br>০১। ব্যুরোর সদর দপ্তর ও এর অধীন অফিসসমূহের নিয়োগ ও বদলিসহ কর্মকর্তা/কর্মচারীদের প্রশাসনিক সকল কার্যাবলি সম্পাদন।<br>০২। সদর দপ্তর ও এর অধীন অফিসসমূহের বাজেট এবং অডিট আপত্তিসহ সকল কার্যাবলি সম্পাদন।<br>০৩। পরিচালকের আর্থিক ক্ষমতা অনুযায়ী মালামাল ক্রয় করা।<br>০৪। সকল প্রকার ছুটি, পেনশন, নিয়োগবিধি প্রণয়ন, জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত যাবতীয় কাজ।<br>০৫। ব্যুরোর সদর দপ্তরের যানবাহন এবং ভান্ডার রক্ষণাবেক্ষণ।<br>০৬। ব্যুরোর সদর দপ্তরের ক্রয় সংক্রান্ত কার্যাবলি এবং ইহার অধীন অফিস সমূহের সকল প্রকার কেনাকাটা ও অফিস ভাড়া করার অনুমোদন প্রদান সংক্রান্ত দায়িত্ব পালন।<br>০৭। ব্যুরোর সদর দপ্তরের বিভিন্ন শাখার মধ্যে এবং অধীন সকল দপ্তরসমূহের মধ্যে সমন্বয় সাধন।<br>০৮। মাঠ পর্যায়ে অফিসসমূহের কার্যাবলি মূল্যায়নের জন্য সমন্বয় সভা আহ্বান ও অফিস পরিদর্শন।<br>০৯। ব্যুরো ও এর অধীন অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের বাৎসরিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ।<br>১০। সদর দপ্তর এবং সকল অধীন দপ্তরসমূহের শৃঙ্খলা রক্ষা করা।<br>১১। সদর দপ্তর এবং এর অধীন দপ্তরসমূহের কল্যাণমূলক কার্যাবলি।<br>১২। সদর দপ্তর এবং এর অধীন দপ্তরসমূহের ২য়, ৩য় এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের বদলি ও নিয়োগ সংক্রান্ত দায়িত্ব পালন। |

| ক্রম | পদের নাম | দায়িত্ব |
|---|---|---|
| | | ১৩। সদর দপ্তরের উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নৈমিত্তিক/অর্জিত ছুটি মঞ্জুরি প্রদান।<br>১৪। কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গজনিত কার্যাবলির বিষয়ে বিভাগীয় ও আদালতে মামলা পরিচালনা।<br>১৫। ব্যুরোর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সমতাকরণ, টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রদান।<br>১৬। বিএমইটি'র ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ এবং বদলি সংক্রান্ত।<br>১৭। ব্যুরোর সকল শ্রেণির কর্মচারীদের পেনশন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।<br>১৮। ব্যুরোর কর্মকর্তা কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য ছুটি মঞ্জুর ও সকল শ্রেণির কর্মচারীদের বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত।<br>১৯। ব্যুরোর অধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) সমূহের কার্যাবলি তত্ত্বাবধান।<br>২০। জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নীতি-নির্ধারণ।<br>২১। প্রশাসনিক দায়িত্ব পালন বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন। |
| ২ | বহির্গমন শাখা | **মহাপরিচালকের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কাজগুলো করা হয়:**<br>০১। রিক্রুটিং এজেন্সি কর্তৃক দাখিলকৃত চাহিদাপত্র যাচাইপূর্বক বহির্গমন ছাড়পত্র প্রদান।<br>০২। নিয়োগানুমতির প্রেক্ষিতে নিয়োগকৃত কর্মীদের বহির্গমন ছাড়পত্র প্রদান।<br>০৩। অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান।<br>০৪। বিদেশে অবস্থিত শ্রমকল্যাণ উইং এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।<br>০৫। রিক্রুটিং এজেন্সি হতে বাংলাদেশ ব্যাংকের ট্রেজারি চালানের মাধ্যমে অগ্রীম আয়কর আদায় এবং এতদসংক্রান্ত হিসাব ও প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্টদের নিকট প্রেরণ।<br>০৬। বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত বাৎসরিক তথ্য সংরক্ষণ।<br>০৭। বিভিন্ন দূতাবাস হতে প্রাপ্ত চাহিদা পত্রের সত্যতা যাচাই।<br>০৮। তিনটি আন্তর্জাতিক বিমান বন্দরস্থ কল্যাণ ডেস্কে প্রতিদিন বহির্গমন ছাড়পত্র প্রদানকৃত কর্মীদের তালিকা প্রেরণ।<br>০৯। কর্মী নিয়োগের উদ্দেশ্যে আগত বিদেশী নিয়োগকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ, তথ্য প্রদান এবং কর্মী বাছাইয়ে সহায়তা করা।<br>১০। ব্যক্তিগত ভিসার বহির্গমন ছাড়পত্র প্রদান।<br>১১। ভিসার সত্যতা যাচাই এবং দূতাবাসের সাথে যোগাযোগ রক্ষা। |
| ৩ | কর্মসংস্থান শাখা | **মহাপরিচালকের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কাজগুলো করা হয়:**<br>০১। সদর দপ্তর এবং ইহার অধীনস্থ দপ্তরসমূহের কল্যাণ মূলক কার্যাবলি।<br>০২। ব্যুরোর অধীনস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) সমূহের কার্যাবলি তত্ত্বাবধান।<br>০৩। জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নীতি-নির্ধারণ।<br>০৪। রিক্রুটিং এজেন্সিসমূহের লাইসেন্স প্রদানের লক্ষ্যে তদন্ত, মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ। সিআইপি নির্ধারণ ও অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় তথ্যাবলী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ।<br>০৫। ডিইএমও অফিসসমূহ পরিদর্শন এবং তদারকি।<br>০৬। রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে অভিযোগ গ্রহণ, তদন্ত এবং নিষ্পত্তিকরণ।<br>০৭। সরকারিভাবে সংগৃহীত চাহিদার প্রক্রিয়াকরণ এবং কর্মী বাছাইসহ প্রেরণের ব্যবস্থা গ্রহণ।<br>০৮। বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান করা। |

| ক্রম | পদের নাম | দায়িত্ব |
|---|---|---|
| | | ০৯। অভিবাসন বিষয়ক আইন, বিধি, নীতিমালা প্রনয়নে সহায়তা ও এতদসংক্রান্ত বিষয়ে তথ্যাবলী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ।<br>১০। আইএলও এবং ইউএনডিপিসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সহিত কর্মসংস্থান সংক্রান্ত বিষয়ে সংযোগ রক্ষা করা।<br>১১। কর্মসংস্থান সম্পর্কীত উন্নয়ন প্রকল্প প্রণয়ন, তদারকি ও প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত দায়িত্ব পালন।<br>১২। ইউএনসিসি ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত যাবতীয় দায়িত্ব পালন।<br>১৩। অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান।<br>১৪। দ্বিপাক্ষিক বিষয়ে MoU/MLA বাস্তবায়নে প্রশাসনিক মন্ত্রণালয়কে সহায়তা।<br>১৫। দেশভিত্তিক শ্রমবাজারে Country Profile তৈরি।<br>১৬। রিক্রুটিং এজেন্টসমূহের লাইসেন্স ব্যবস্থাপনা। |
| ৪ | প্রশিক্ষণ পরিচালনা শাখা | **মহাপরিচালক এর সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কাজগুলো করা হয়:**<br>০১। নির্দেশাবলীর সুষ্ঠু বাস্তবায়ন এবং সমস্ত কার্য প্রণালীর (ওয়ার্ক প্রোগ্রাম) পরিকল্পনা প্রণয়ন ও সাংগঠনিক কার্যাবলি সম্পাদন।<br>০২। টিটিসি/আইএমটি/শিক্ষানবিসি ও ইনপ্লান্ট প্রশিক্ষণ এর আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির সমন্বয় সাধন।<br>০৩। বাৎসরিক এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের বিষয়ে কার্যাবলি সম্পাদন।<br>০৪। দক্ষতা উন্নয়ন সম্পর্কিত নীতি প্রণয়নে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান।<br>০৫। বিভিন্ন সংস্থা কর্তৃক দেশি/বিদেশি প্রশিক্ষণ কর্মসূচির বাস্তবায়ন।<br>০৬। অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান।<br>০৭। কারিগরি প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় সাধন করা।<br>০৮। প্রশিক্ষণ শিল্প সংযুক্তি সম্প্রসারণ করা। |
| ৫ | প্রশিক্ষণমান ও পরিকল্পনা শাখা | **মহাপরিচালকের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কাজগুলো সম্পাদন করবেন:**<br>০১। নির্দেশসমূহ সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রশিক্ষণ সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন সার্বিক কর্মসূচি গ্রহণ এবং সাংগঠনিক কার্যাবলি সম্পাদন।<br>০২। নির্ধারিত দায়িত্ব সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে উপপরিচালকদের মধ্যে দায়িত্ব বিভাজন এবং কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি সঠিকভাবে তদারকি।<br>০৩। প্রশিক্ষণ পরিচালনা পরিদপ্তরের মাধ্যমে কর্মচারীদের প্রশিক্ষণ পরিচালনা ও পাঠ্যক্রম তৈরি করা।<br>০৪। দক্ষতামান পরীক্ষা এবং সনদপত্রের বিষয়ে জাতীয় দক্ষতামান নির্ধারণ সম্পর্কে সহায়তা প্রদান।<br>০৫। অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান।<br>০৬। দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সম্পর্কিত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা। |

## ১.৭ বার্ষিক কর্মসম্পাদনে ২০২১-২০২২ অর্থ বছরে বিএমইটি'র অর্জন :

বিএমইটি'র কর্মসম্পাদন ক্ষেত্র, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (২০২১-২০২২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | অর্জন (২০২১-২০২২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (১) বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি | ২৪ | (১.১) বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণ/ সম্প্রসারণ এবং নতুন শ্রম বাজার অনুসন্ধানের মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থান | (১.১.১) বৈদেশিক কর্মসংস্থানে দক্ষ কর্মীর ছাড়পত্র প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ২.১০ | ২.৪৬ |
| | | | (১.১.২) নিয়োগকর্তাদের সাথে/ প্রতিনিধির সাথে যোগাযোগ স্থাপন/দেশ পরিদর্শন/বৈঠক। | সমষ্টি | (লক্ষ) | ৩ | ১৪ | ১৪ |
| | | | (১.১.৩) বৈদেশিক কর্মসংস্থানে নারী কর্মীর ছাড়পত্র প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ০.৩০ | ১.১৩ |
| | | | (১.১.৪) কর্মসংস্থান বৃদ্ধিতে বায়রা/ রিক্রুটিং এজেন্টদের নিয়ে সভার আয়োজন। | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ০৩ |
| | | | (১.১.৫) বিদেশ গমনেচ্ছু কর্মীদের ডাটা ব্যাংকের আপডেট নিশ্চিতকরণ। | সমষ্টি | (লক্ষ) | ২ | ৪ | ০৪ |
| | | | (১.১.৬) বৈদেশিক কর্মসংস্থানে স্বল্প দক্ষ কর্মীর ছাড়পত্র প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | ১.৯০ | ৭.৫৬ |
| | | (১.২) রিক্রুটিং এজেন্সীর নিবন্ধিকরণ ও নিয়ন্ত্রণমূলক কার্যক্রম | (১.২.১) রিক্রুটিং লাইসেন্স নবায়ন, নতুন লাইসেন্স প্রদান এবং রিক্রুটিং এজেন্সির অফিস স্থান ও মর্যাদা পরিবর্তন সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকৃত | গড় | % | ৩ | ৮০ | ৮৮.৯২ |
| | | | (১.২.২) স্থগিত/বাতিলকৃত রিক্রুটিং লাইসেন্স। | গড় | % | ২ | ১০০ | ১০০ |
| | | | (১.২.৩) রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে প্রাপ্ত আবেদনকৃত অভিযোগ তদন্ত সাপেক্ষে নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | ৮০ | ৫৫ |
| | | (১.৩) দূতাবাস হতে শ্রমবাজার সম্পর্কিত তথ্য প্রতিবেদন সংগ্রহ | (১.৩.১) শ্রমবাজারের তথ্য সম্বলিত প্রতিবেদন প্রস্তুত। | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ০৩ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | অর্জন (২০২১-২০২২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (২) দক্ষ জনশক্তি তৈরি | ২১ | (২.১) প্রশিক্ষণ প্রদান | (২.১.১) প্রশিক্ষিত পুরুষ কর্মী | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | ৩.৭৯ | ৬.৬৩ |
| | | | (২.১.২) RPL প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪০০ | ৪৬০৭ |
| | | | (২.১.৩) প্রশিক্ষিত নারী কর্মী | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ০.৩১ | ০.৩১৪১ |
| | | | (২.১.৪) e-RPL infrastructure development | তারিখ | তারিখ | ১ | ৩১/১২/২০২১ | - |
| | | (২.২) প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বৃদ্ধি | (২.২.১) প্রশিক্ষকদের দেশে/ বিদেশে প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৩০ | ১০৬৭ |
| | | | (২.২.২) নির্মাণাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সরজমিন/ অনলাইনে পরিদর্শন/মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৫ | ১৫ |
| | | | (২.২.৩) উপজেলা পর্যায়ে টিটিসি নির্মাণ সমাপ্তকরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ২০ | ২০ |
| | | | (২.২.৪) উপজেলা পর্যায়ে টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম চালু | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ২ |
| | | | (২.২.৫) কারিগরি দক্ষতা ও ভাষা দক্ষতা সংক্রান্ত আন্তর্জাতিক সনদায়ন। | সমষ্টি | জন | ১ | ৩০০ | ৪৮৫ |
| | | | (২.২.৬) সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতার উন্নয়ন (সমসাময়িক বিষয় নিয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজনসহ) | সমষ্টি | জন | ১ | ৬ | ০৬ (লক্ষমাত্রা অর্জিত) |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | অর্জন (২০২১-২০২২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (৩) নিরাপদ অভিবাসন এবং প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ সচেতনতা মূলক কার্যক্রম। | ১৫ | (৩.১) নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন পর্যবেক্ষণ | (৩.১.১) অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ। | গড় | % | ৩ | ৬৫ | ৯৯.৬ |
| | | (৩.২) সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/ দক্ষতা উন্নয়ন/ মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম হ্রাস/ কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত | (৩.২.১) প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী কর্মীদের সহায়তা | গড় | % | ২ | ১০০ | ১০০ |
| | | | (৩.২.২) দক্ষতা উন্নয়নও পূনর্বাসনের জন্য পিছিয়ে পড়া জনগোষ্ঠিসহ অভীষ্ট জনগোষ্ঠির সাথে জনসংযোগ। | সমষ্টি | সংখ্যা | ২ | ৩০ | ৩৭ |
| | | | (৩.২.৩) জেলায় টিটিসি/ আইএমটি/ ডিইএমওতে নিরাপদ অভিবাসন ও দক্ষতা বিষয়ক সেমিনার আয়োজন। | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৯ | ৭০ |
| | | | (৩.২.৪) NTVQF সম্পর্কে সচেতন করতে বেসরকারি সংগঠনের সাথে সভা আয়োজন। | সমষ্টি | সংখ্যা | ২ | ৮ | অর্জিত |
| | | | (৩.২.৫) লিফলেট/ ক্ষুদে বার্তা/ /পোস্টার/বিলবোর্ড | সমষ্টি | সংখ্যা | ১ | ৩.০০ | অর্জিত |
| | | | (৩.২.৬) সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক তথ্য প্রচার | সমষ্টি | সংখ্যা | ১ | ১০ | ১০ |
| | | (৩.৩) ভিসা যাচাই (অনলাইনসহ) | (৩.৩.১) ভিসা/চাহিদাপত্র যাচাই (অনলাইনসহ) | গড় | % | ২ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | অর্জন (২০২১-২০২২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (৪) রেমিটেন্সের প্রবাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান | ১০ | (৪.১) বৈধ উপায়ে বৈদেশিক মুদ্রা প্রেরণে বিদেশগামী কর্মীদের উদ্বুদ্ধকরণ | (৪.১.১) বৈধ উপায়ে রেমিটেন্স প্রেরণ বিএমইটি কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্য প্রচার/ টিভিসি প্রদর্শন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | |
| | | | (৪.১.২) বৈধ পথে রেমিটেন্স প্রেরণে সচেতনতা বৃদ্ধিতে টিভিসি প্রস্তুত | তারিখ | তারিখ | ৩ | ৩১/০১/২০২২ | লক্ষমাত্রা অর্জিত |
| | | | (৪.১.৩) আয়োজিত সভা/ ইলেকট্রনিক্স/প্রিন্ট মিডিয়ায় প্রচার | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ০৪ |
| | | | (৪.১.৪) বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণ মডিউলে বৈধ পথে রেমিটেন্স প্রেরণ বিষয়টি সংযোজন | তারিখ | তারিখ | ২ | ১৫/১০/২০২১ | অর্জিত |
| মোট সূচক: ৩২টি | | | | | | | | |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অর্জন (২০২১-২২) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদার করণ | ৩০ | ১. শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | ১০ |
| | | ২. ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ১০ | ৯ |
| | | ৩. তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | ৩ |
| | | ৪. অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৪ | ৪ |
| | | ৫. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | ৩ |

সংযোজনী ৪ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বার্ষিক (জুলাই/২০২১ হতে জুন/২০২২) অগ্রগতি প্রতিবেদন
দপ্তর/সংস্থার নাম : জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | লক্ষ্যমাত্রা/ অর্জন | অর্জন | দাবীকৃত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | ৪ | ৪ | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | ৮০% | লক্ষ্যমাত্রা<br>অর্জন | ৯০% | ৬ | গড় |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণ সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | ২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ২ | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | ২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ২ | বিএমইটি ও এর অধীন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য শুদ্ধাচার প্রশিক্ষণ |
| ১.৫কর্ম-পরিবেশ উন্নয়ন | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | ০২টি<br>৩০/১২/২১<br>৩০/০৫/২২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ২ | টিওএন্ডডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১ | তারিখ | ১৫/০৭/২১<br>ও<br>১৫/১০/২১<br>১৫/০১/২২<br>১৪/০৪/২২<br>১৪/০৭/২২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ১ | |
| ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যক প্রদান | ফিডব্যাক সভা/ কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | ০৭/১০/২১<br>০৯/০১/২২<br>০৬/০৪/২২<br>০৫/০৭/২২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ১ | তারিখ | ৩০/০৬/২২ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ১ | অর্থ বছর শেষে অর্জনযোগ্য। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | লক্ষ্যমাত্রা/ অর্জন | অর্জন | দাবীকৃত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.১ ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | ৩১/০৭/২১ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ১.৫ | ওয়েবসাইটে প্রকাশিত |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | PSC-১৫<br>PIC-১৫ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ২ | সমষ্টি |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | ১০০% | লক্ষ্যমাত্রা<br>অর্জন | ৭১.৩৭% | ১.৫ | ক্রমপুঞ্জিভূত |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | | লক্ষ্যমাত্রা<br>অর্জন | ২ | প্রকল্পের সমাপ্তি সাপেক্ষে প্রযোজ্য | |
| ৩.১ অংশীজন (stakeholders) সভার আয়োজন | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ১ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দক্ষ জনশক্তি তৈরি বিষয়ক |
| ৩.২ শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/ কর্মচারীদের ইন- হাউজ প্রশিক্ষণ | প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ১৬০ জন | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | |
| ৩.৩ বিএমইটির আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ | প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ১০০ জন | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | |
| ৩.৪ সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পাদনের ভিত্তিতে প্রতি মাসে সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচন ও পুরস্কার প্রদান | নির্বাচিত ও পুরস্কৃতকরণ | ৪ | সংখ্যা | ২৪ জন | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | |
| ৩.৫ স্বচ্ছ ও নিরাপদ এবং বৈধ পথে বৈদেশিক কর্মসংস্থানের জন্য সচেতনতামূলক প্রচারণা | বিলিকৃত পোষ্টার/ লিফলেট | ৪ | সংখ্যা | ৩,০০,০০০ | লক্ষ্যমাত্রা<br>অর্জন | অর্জিত | ৪ | |

## সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদার করণ | ৩৫ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | -- | তারিখ | ৫ | ১৬/০৩/২০২২ | অর্জিত |
| | | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকরণ | -- | তারিখ | ৫ | ২৫/০২/২০২২ | ৫ |
| | | [১.৩] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | -- | তারিখ | ৫ | ৩০/১২/২০২১ | আমি প্রবাসী অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালুকরণ |
| | | [১.৪] ইতোঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | -- | তারিখ | ৪ | ৩০/০৮/২০২১ | |
| | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | -- | % | ৬ | ৮০% | |
| | | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | -- | সংখ্যা | ৪ | ২ | |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২১-২২ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | ১৫ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | -- | সংখ্যা | ৪ | ৪ | |
| | | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | -- | সংখ্যা | ২ | ৪ | |
| | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | -- | সংখ্যা | ৩ | ৪ | |
| | | | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | -- | % | ৯৯% | অর্জিত | |
| | | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | -- | সংখ্যা | ১ | ৪ (অর্জিত) | |
| | | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | -- | তারিখ | -- | অর্জিত | |
| | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | -- | সংখ্যা | | অর্জিত | |

## সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা | ৫ | [১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | -- | সংখ্যা | ৫ | ৪ | ৪ (অর্জিত) |
| পরিবীক্ষণ ও সক্ষমতাবৃদ্ধি | ২০ | [২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [২.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | -- | % | ৮ | ৯০% | ৮৬% |
| | | [২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.২.১] প্রশিক্ষণ আয়োজিত | -- | সংখ্যা | ৫ | ৪ | অর্জিত |
| | | [২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | -- | সংখ্যা | ৩ | ৪ | -- |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা | [২.৪.১] সভা অনুষ্ঠিত | -- | সংখ্যা | ৪ | ২ | অর্জিত |

## সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১]সিদ্ধান্ত বাস্তবায়িত | -- | % | ৫ | ১০০% | ১০০% |
| | | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | -- | সংখ্যা | ৫ | ৪ | ৪ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২১-২২ | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| সক্ষমতা অর্জন ও পরিবীক্ষণ | ১৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [১.১.১]প্রশিক্ষণ আয়োজিত | -- | সংখ্যা | ১০ | ৪ | ৪ |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১]অবহিতকরণ সভা অনুষ্ঠিত | -- | সংখ্যা | ৫ | ২ | ৩ |

**সংযোজনী ৮ঃ তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা**

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত | -- | % | ১০ | ১০০% | ১০০% |
| সক্ষমতা বৃদ্ধি | ১৫ | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | -- | তারিখ | ০৩ | ৩১-১২-২০২১ | অর্জিত |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | -- | তারিখ | ০৩ | ১৫-১০-২০২১ | অর্জিত |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/ হালনাগাদকৃত | -- | তারিখ | ০৩ | ৩১-১২-২০২১ | অর্জিত |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | -- | কার্যক্রমের সংখ্যা | ০৩ | ৩ | ৩ |
| | | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১]প্রশিক্ষণ আয়োজিত | -- | প্রশিক্ষণের সংখ্যা | ০৩ | ৩ | ৩ |

## ১.৮ ২০২১-২২ অর্থবছরে বিএমইটি কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের তথ্যাদি:

### বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদাৎ বার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকীতে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন প্রতিষ্ঠানে ২০২১ সালের ১৫ আগস্ট যথাযথ মর্যাদার সাথে জাতীয় শোক দিবস পালন ও আলোচনা সভার আয়োজন করা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া বঙ্গবন্ধুর জীবন দর্শনের উপর কুইজ ও রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয়।



মহাপরিচালক কর্তৃক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

### শেখ রাসেল দিবস উদ্‌যাপন

প্রথম বারের মত ১৮ অক্টোবর, ২০২১ সালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পাশাপাশি জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং এর আওতাধীন সকল প্রতিষ্ঠানে যথাযথ মর্যাদায় জাতীয় দিবস হিসেবে শেখ রাসেল দিবস পালন করা হয়েছে।



শেখ রাসেল দিবস উদ্‌যাপন

### আন্তর্জাতিক নারী দিবস পালন

সারা বিশ্বের ন্যয় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতেও নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রতিষ্ঠার লক্ষ্যে "সমতার লক্ষ্যে চাই স্বীকৃতি ও সম্মান" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ২০২২ সালের ৮ই মার্চ আর্ন্তজাতিক নারী দিবস উদযাপন করা হয়।




আন্তর্জাতিক নারী দিবসে মহাপরিচালকের বক্তৃতা প্রদান

### জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসে শ্রদ্ধা নিবেদন

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন প্রতিষ্ঠানে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। ২০২২ সালের ১৭ই মার্চ সকালে বিএমইটি'র মহাপরিচালক কর্তৃক প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। দোয়া ও আলোচনা সভা আয়োজন করা হয়। এছাড়া বঙ্গবন্ধুর জীবন দর্শনের উপর কুইজ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।



১৭ মার্চ জাতির পিতার প্রকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব ও বিভিন্ন সংস্থা প্রধানগণ ।

### ড্রাইভিং প্রশিক্ষণের জন্য ১০০টি গাড়ি হস্তান্তর

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন বিদেশ গমনেচ্ছু কর্মীদের প্রশিক্ষণ কার্যক্রমকে আরো আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহযোগিতায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে ১০০টি গাড়ি হস্তান্তর করা হয়।



মাননীয় মন্ত্রী এবং সিনিয়র সচিব কর্তৃক প্রশিক্ষণের জন্য ১০০টি গাড়ি হস্তান্তর।

### আমি প্রবাসী এ্যাপ উদ্বোধন

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কর্তৃক প্রস্তুতকৃত ডাটাবেজে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন সেবা আরও সহজিকরণ করে একটি ঐচ্ছিক চ্যানেল হিসেবে আমি প্রবাসী নামে একটি এ্যাপস চালু করা হয়। বর্তমানে আমি প্রবাসী এ্যাপ এর মাধ্যমে অন-লাইন প্রশিক্ষণ সনদও প্রদান করা হচ্ছে।




'আমি প্রবাসী' এ্যাপ উদ্বোধন অনুষ্ঠানে সম্মানিত অতিথিবৃন্দ

### আন্তর্জাতিক বিমানবন্দরে পিসিআর টেস্ট মেশিন স্থাপন


সংযুক্ত আরব আমিরাতগামী যাত্রীদের জন্য ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে পিসিআর টেস্ট মেশিন স্থাপনের ব্যবস্থা করা হয়। সংযুক্ত আরব আমিরাতগামী কর্মীদের পিসিআর টেস্ট ফি বাবদ ১,৬০০/- টাকা করে ভর্তুকি প্রদান করা হয়েছে।



বিমানবন্দরে প্রবাসী কর্মীদের পিসিআর টেস্ট পরিদর্শন

### মন্ত্রণালয়ের কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ স্লোগান প্রচার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ 'শতবর্ষে জাতির পিতা সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা' স্লোগানটি ব্যাপক প্রচারের উদ্যোগ হিসেবে ব্যুরো ও এর আওতাধীন সকল দপ্তর হতে জারীকৃত পত্রে স্লোগানটি ব্যবহারের নির্দেশনা দেয়া হয় এবং তা বাস্তবায়ন করা হয়।



'শতবর্ষে জাতির পিতা সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা' স্লোগান সম্বলিত পত্র

### বিএমইটিতে রোমানিয় কনসুলেট অফিস স্থাপন

বাংলাদেশে রোমানিয়ার কোন দূতাবাস না থাকায় ভারত যেয়ে বাংলাদেশি কর্মীদের রোমানিয়ার ভিসা সংগ্রহ করতে হতো। ফলে কর্মীরা অভিবাসন ব্যয় ও নানা ধরনের হয়রানির শিকার হতো। রোমানিয়ার ভিসা প্রাপ্তি সহজীকরণ প্রাপ্তি এবং অভিবাসন ব্যয় কমিয়ে আনার লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দিক-নির্দেশনায় বিএমইটি ভবনে অস্থায়ীভাবে রোমানিয়া কনস্যুলেট অফিস স্থাপন করা হয়। বিএমইটি ভবনে অস্থায়ীভাবে রোমানিয়া কনস্যুলেট অফিস স্থাপন হওয়ায় প্রায় ৫ হাজার ৫ শত জন কর্মীর ভিসা স্ট্যাম্পিং সম্পন্ন হয়।




রোমানিয়া কনসুলেট অফিস, ঢাকা

### 'পাথরে পুষ্পকানন' নামে বাগান স্থাপন

বিএমইটি'র বর্তমান মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি মহোদয় এর দিক-নির্দেশনায় বিএমইটি ভবন আধুনিকায়ন, সৌন্দর্য বর্ধন ও পরিবেশ বান্ধব করা হয়েছে। ভবনের ২য় তলায় 'পাথরে পুষ্পকানন' নামে ফলে ও ফুলে সুশোভিত ৩টি বাগান তৈরি করা হয়েছে।






বিএমইটি'র ডিজি মহোদয় এর উদ্যোগে ভবনের ২য় তলায় 'পাথরে পুষ্পকানন' নামে স্থাপিত বাগানের দৃশ্য

## জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম গঠন এবং বাইসাইকেল বিতরণ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র উদ্যোগে "জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম" গঠন করা হয়েছে। জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরামের উদ্যোগে বিএমইটি ও এর অধিনস্থ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের ১দিনের বেতন সংগ্রহ করে সংগৃহীত অর্থে বন্যা দুর্গত সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম জেলার দরিদ্র মেধাবী, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের মাঝে ২০০টি বাইসাইকেল বিতরণ করা হয়েছে। জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) উপস্থিত থেকে দরিদ্র মেধাবী ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ করেন।

মহাপরিচালক কর্তৃক সাইকেল বিতরণ

## ইনহাউজ প্রশিক্ষণ

বিএমইটি'র কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত দাপ্তরিক বিষয়সমূহ, সংশ্লিষ্ট আইন ও বিধি, সরকারের সাম্প্রতিক উল্লেখযোগ্য বিষয়সমূহ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন (APA), NIS, SDG, INNOVATION এবং ই-ফাইলিং ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে কর্মমুখী ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।



ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচি

## বিএমইটি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের যৌথ প্রশিক্ষণ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কর্মকর্তাদের কাজের মান উন্নয়ণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিভিন্ন সময়ে সরকারি প্রশিক্ষণের পাশাপাশি মন্ত্রণালয়, বিএমইটি এবং এনজিওসমূহের সমন্বয় ও অংশীদারিত্বে বিএমইটি ও এর অধীন দপ্তরের কর্মকর্তা ও প্রশিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান হয়। ২০২১-২২ অর্থ বছরে বিএমইটি এবং BNWLA, ব্র্যাক, আইসিএমপিডি, বাংলাদেশ মহিলা সমিতি, রামরু ও IOM এর সাথে যৌথ উদ্যোগে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




বিএমইটি এবং ব্র্যাক এর যৌথ উদ্যোগে বাস্তবায়িত প্রশিক্ষণ




আইএসও সনদ

### আইএসও সার্টিফিকেট অর্জন

দেশের বেকার ও দক্ষজনগোষ্ঠীকে প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত করে জনসম্পদে পরিণত করে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের জন্য জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো(বিএমইটি) কাজ করছে। প্রতিষ্ঠার পর থেকেই জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) সামগ্রিকভাবে বৈদেশিক কর্মসংস্থান ব্যবস্থাপনা ও দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করে আসছে। বর্তমানে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)'র মাধ্যমে দক্ষ কর্মী সৃষ্টির কার্যক্রম করে যাচ্ছে। এছাড়াও ৪টি বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে বিদেশ গমনেচ্ছু কর্মীদের প্রত্যাশিত সেবা প্রদান করা হচ্ছে। এর স্বীকৃতি স্বরুপ ISO 9001-2015 সার্টিফিকেট অর্জন করেছে।

### প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন প্রদান

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতায় ৪২ টি জেলায় জেলা সদরে বিদেশ গমনেচ্ছু ও প্রবাসী কর্মীদের সেবা প্রদানের জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) রয়েছে। প্রতিবছর গড়ে প্রায় ৭ লক্ষ কর্মী কাজের উদ্দেশ্যে বিদেশ গমন করেন। এসকল কর্মীদের প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) ৭০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রদান করা হতো। জনগণের দোর গোড়ায় সেবা পৌছে দিতে বর্তমানে ৭০টি প্রশিক্ষণ কেন্দ্রের সাথে ১১টি ডিইএমও-তেও প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) চালু করা হয়েছে ।







## বিএমইটিতে KOICA অফিস উদ্বোধন

সরকারি-বেসরকারি অংশিদারিত্বে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিএমইটি বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। KOICA বিএমইটি জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো(বিএমইটি)'র প্রশিক্ষণে মান উন্নয়নের অন্যতম অংশীদার। বিএমইটি ভবনের ৮ম তলায় KOICA অফিস স্থাপন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে BMET, KOICA ও LG ইলেকট্রনিক্স, বাংলাদেশ এর মধ্যে ত্রিপাক্ষিক সমঝোতার আওতায় বিকে টিটিসি ঢাকা ও চট্টগ্রামে আধুনিক RAC Inverter Lab স্থাপনপূর্বক Inverter Technology তে মোট ৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



বিএমইটিতে অবস্থিত KOICA অফিস উদ্ভোধন অনুষ্ঠানের স্থিরচিত্র।

## বায়রা'র সাথে মতবিনিময় সভা

দেশের বেকার ও দক্ষজনগোষ্ঠীকে প্রশিক্ষণের মাধ্যমে জনসম্পদে পরিণত এবং বৈদেশিক কর্মসংস্থানের জন্য বিএমইটি কাজ করে যাচ্ছে। করোনা পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে বিদেশ গমনেচ্ছু কর্মীদের টিকা প্রদান, সহজে পাসপোর্ট প্রাপ্তি এবং সর্বোপরি গন্তব্য দেশে কর্মী প্রেরণ অত্যন্ত দুরূহ হয়ে পড়ে। বিএমইটি ২০২১-২২ অর্থ বছরে প্রায় ১০ লক্ষ কর্মী প্রেরণ করে। কোভিড-১৯ এর প্রভাবে যখন সারাবিশ্ব থমকে গেছে সে সময়েও বাংলাদেশের কর্মীর বৈদেশিক কর্মসংস্থান থেমে থাকেনি। সকল প্রতিবন্ধকতা অতিক্রম করে বিএমইটি'র এ কাজে বিদেশী কোম্পানী, বাংলাদেশি রিক্রুটিং এজেন্সি, এনজিও, আন্তর্জাতিক সংস্থাসহ বিভিন্ন অংশীদার রয়েছে। সকল অংশীদারের সহযোগিতায় অভিবাসন খাতকে আরো আধুনিক এবং অভিবাসনে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিএমইটি বিভিন্ন দপ্তর সংস্থার প্রধান, রিক্রুটিং এজেন্সি, এনজিও ও আন্তর্জাতিক সংস্থার সমন্বয়ে অংশীজন সভার আয়োজন করা হয়। অংশীজন সভায় প্রাপ্ত সুপারিশ এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনায় অভিবাসন ও দক্ষতা উন্নয়ন ব্যবস্থাপনায় উন্নয়নে বিএমইটি নিরলস কাজ করে যাচ্ছে।





বায়রা'র সাথে মতবিনিময় সভা

## ১.৯ আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন:

অভিবাসী কর্মীর মর্যাদা ও অধিকার সমুন্নত রাখার প্রয়াসে জাতিসংঘ ও সদস্য রাষ্ট্রসমূহের পাশাপাশি বিভিন্ন আর্ন্তজাতিক স্বেচ্ছাসেবী সংস্থা, অভিবাসী অধিকার ফোরাম, আইএনজিও/এনজিও এ দিনটি বিশেষ ভাবে পালন করে আসছে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোসহ এর আওতাধীন সকল আইএমটি, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস নিজ নিজ দপ্তরে আর্ন্তজাতিক অভিবাসী দিবস বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পালন করে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে এ মন্ত্রণালয়সহ এর আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা, বেসরকারি সংস্থা/এনজিও/অংশীজন/অভিবাসী কর্মীগণের অংশগ্রহণে বিগত বছরগুলোর ন্যায় "আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১" যথাযথ মর্যাদায় পালন করা হয়। এ বছর এ দিবসের প্রতিপাদ্য ছিল 'শতবর্ষে জাতির পিতা সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা'।

প্রতিবছর বাংলাদেশের শ্রমবাজারে আগত ২২ লক্ষ কর্মীর উল্লেখযোগ্য অংশের কর্মসংস্থান হচ্ছে বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে। বর্তমানে বিশ্বের ১৭৬টি দেশে প্রায় ১ কোটি ৪১ লক্ষ অভিবাসী কর্মী নিরলস পরিশ্রম করেছে এবং রেমিটেন্স প্রেরণ করেছে। আন্তর্জাতিক অভিবাসী দিবসের অনুষ্ঠানটি বিশ্বব্যাপী একযোগে উদযাপিত হয়, যার মাধ্যমে অভিবাসীদের মধ্যে প্রেরণা জাগে এবং নতুন নতুন শ্রমবাজারে ও কর্মক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। জিডিপিতে অভিবাসী কর্মীদের অবদান ৮% এবং অভিবাসনের মাধ্যমে দারিদ্র বিমোচন, অর্থনৈতিক অগ্রগতি সূচিত হচ্ছে। সামগ্রিকভাবে শ্রম অভিবাসন বাংলাদেশের অর্থনীতি তথা উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ চালিকাশক্তি হিসেবে স্বীকৃত।

অভিবাসী কর্মী ও তার পরিবারের সদস্যদের জন্য একমাত্র উৎসবমুখর দিবস হওয়াতে এবং আন্তর্জাতিক পর্যায়ে নিয়োগকারী দেশসমূহের সাথে নিবিড় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ১৮ ডিসেম্বরকে আন্তর্জাতিক অভিবাসী দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য দিবসটিকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক খ শ্রেণিতে তালিকাভুক্তি করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০২১ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি উপস্থিত থেকে ভাষণ প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় এর মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন। আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০২১ এর প্রতিপাদ্য ছিল; 'শতবর্ষে জাতির পিতা সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা'। এ অনুষ্ঠানে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তির চেক বিতরণ এবং সিআইপি (এনআরবি) ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে শিক্ষাবৃত্তির চেক এবং সিআইপি (এনআরবি) ক্রেস্ট ও সনদ বিতরণ করেন মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি এবং মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।



সিআইপিদের ক্রেস্ট ও সনদ প্রদান



আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদ্‌যাপন

অধ্যায় ২

# বিএমইটি'র প্রশিক্ষণ শাখার কার্যক্রম

## ২.১ মানব সম্পদ উন্নয়নে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ:

মানব সম্পদ দেশের উন্নয়নের মূলভিত্তি। এ সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নতি সুদৃঢ় হয়। দারিদ্র্য বিমোচন, দেশের ক্রমবর্ধমান বেকার সমস্যা দূরীকরণ, আর্থসামাজিক উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, শিল্পসহায়ক দক্ষ জনশক্তি সৃষ্টি, বৈদেশিক শ্রমবাজারে দক্ষ জনশক্তি সরবরাহ বৃদ্ধি ইত্যাদি কার্যক্রমকে ত্বরান্বিত করা দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমের মূল উদ্দেশ্য। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র আওতাধীন ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ও ০৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি) তে পরিচালিত ৫৫টি কর্মসংস্থান উপযোগী ট্রেডে স্বল্প/দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা হচ্ছে।


সিনিয়র সচিব মহোদয় কর্তৃক ট্রেনিং পরিদর্শন

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমকে তৃণমূল পর্যায়ে সম্প্রসারণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জেলা পর্যায়ে স্থাপিত টিটিসির বর্তমান চলমান প্রশিক্ষণের পাশাপাশি দেশের সকল উপজেলায় টিটিসি স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ১ টি আইএমটি স্থাপনের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া ২৮-০৭-২০২২ খ্রিঃ তারিখে ২৪ টি টিটিসি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। এছাড়া আরও ৫০ টি উপজেলায় ৫০টি টিটিসি স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিএমইটি'র আওতায় প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষার্থী ভর্তি ও সনদায়ন ডিজিটাল কার্যক্রমের আওতায় আনা হয়েছে। আইএমটি ও টিটিসিতে পরিচালিত বিভিন্ন দক্ষতা উন্নয়ন কোর্স, হাউজ কিপিং ও প্রি-ডির্পারচার ওরিয়েনটেশন কোর্সে 'আমি প্রবাসী' এ্যাপস্ ব্যবহারের মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীরা তাদের পছন্দ অনুযায়ী কোর্স ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে। প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ সমাপনান্তে অনলাইনের মাধ্যমে সনদপত্র গ্রহণ করতে পারছে। ২০২১-২০২২ অর্থবছরে ৮,১৭,৭২৬ জন পুরুষ ও ৩৮,৫৭৯ জন মহিলা সর্বমোট ৮,৫৬,৩০৫ জন প্রশিক্ষণার্থীকে প্রাক বহির্গমন ওরিয়েনটেশন (পিডিও) সহ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।





**আইএমটি এবং টিটিসিতে পরিচালিত উল্লেখযোগ্য কোর্সসমূহ-**

- ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন এবং শীপবিল্ডিং টেকনোলজি);
- ২ বছর মেয়াদী এসএসসি (ভোকেশনাল) কোর্স;
- ৩-৪ মাস মেয়াদী স্বল্পমেয়াদী কোর্স;
- ৩-৪ মাস মেয়াদী ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্স;
- ২ মাস মেয়াদী বিদেশগামী নারী কর্মীদের হাউজকিপিং কোর্স;
- কোরিয়াগামী কর্মীদের জন্য ১০ দিন, Seychelles গামী কর্মীদের ১০ দিন এবং অন্যান্য দেশ গমনে কর্মীদের ৩ দিনের প্রি-ডিপার্চার ওরিয়েন্টশন (PDO) কোর্স;
- ৬ মাস মেয়াদী জাপানিজ, ৩ মাস মেয়াদী চায়নিজ (ক্যান্টনিজ/ম্যান্ডারিন), ২ মাস মেয়াদী ইংরেজি এবং ৪ মাস মেয়াদী কোরিয়ান ভাষা প্রশিক্ষণ কোর্স;
- NTVQFএর আওতায় প্রশিক্ষণ প্রদান এবং পূর্ব দক্ষতার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে Recognition of Prior Learning (RPL) এর আওতায় প্রশিক্ষণ, মূল্যায়ণ ও বিটিইবি কর্তৃক সনদ প্রদান।

## ২.২ ড্রাইভিং প্রশিক্ষণ:

- দেশে ও বিদেশে দক্ষ ড্রাইভারের ব্যাপক চাহিদা রয়েছে। দক্ষ ড্রাইভারের চাহিদা পূরণে Skills for Employment Investment Program (SEIP) এর সহায়তায় ৬১টি টিটিসিতে ৪ মাস মেয়াদী 'মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স' কোর্স পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণ সম্পন্নকারীরা স্ব-স্ব প্রতিষ্ঠানে BRTA কর্তৃক মূল্যায়ণে উত্তীর্ণ হয়ে ড্রাইভিং লাইসেন্স গ্রহণ করছে। প্রশিক্ষণ গ্রহণকারীগণ স্থানীয়ভাবে কর্মসংস্থানসহ বৈদেশিক কর্মসংস্থানে সুযোগ পাচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৭৩৫৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এছাড়াও দেশে বিদেশে দক্ষ ড্রাইভারের চাহিদা পূরণে সরকারি (GoB) অর্থায়নে ১,০২,৪০০ জন প্রশিক্ষিত দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে "দেশে-বিদেশ কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক একটি প্রকল্পের মাধ্যমে ৩ মাস মেয়াদী ৬৪টি টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।এ লক্ষ্যে ১৩৩ জন খন্ডকালীন ড্রাইভিং প্রশিক্ষক ও ৬৪ জন স্কীল ওয়ার্কার নিয়োগ প্রদান করা হয়েছে।২০২১-২০২২ অর্থ বছরে মোট ৯,৩২০ জনকে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।





ড্রাইভিং প্রশিক্ষণ কর্মসূচি

## ২.৩ হাউজ কিপিং প্রশিক্ষণ:

**হাউজকিপিং প্রশিক্ষণের উদ্দেশ্য:**

- নারী কর্মীদের স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক পরামর্শ প্রদানের মাধ্যমে কর্মক্ষেত্রসহ অন্যান্য ক্ষেত্রে নিরাপত্তা বিধি অনুসরণ সম্পর্কিত তথ্য প্রদান। বিদেশ হতে বৈধ পথে অর্থ প্রেরণের উপায় ও প্রেরিত অর্থের সঠিক বিনিয়োগ। বিদেশে বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রদত্ত সেবাসমূহ, বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্র ও পরিবেশ সম্পর্কে ধারণা প্রদান করা।
- চুক্তিপত্র অনুযায়ী কর্মীদের প্রাপ্য সুযোগ-সুবিধা যেমন: কর্মঘন্টা, বেতন, ছুটি, ওভারটাইম, যাওয়া আসার বিমান ভাড়া ইত্যাদি বিষয়ে চাকুরীদাতার সাথে করণীয় সম্পর্কে অবহিতকরণসহ সচেতনতা বৃদ্ধির মাধ্যমে অভিবাসনকে নিরাপদ ও সহজতর করা।



হাউজ কিপিং এর ব্যবহারিক ক্লাস

গৃহকর্মী পেশায় সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে গমনেচ্ছু নারী কর্মীদের গৃহস্থালী কাজের ব্যবহারিক প্রশিক্ষণসহ গন্তব্য দেশের ভাষা, আইন, খাদ্যাভ্যাস, স্বাস্থ্য এবং সামাজিক রীতিনীতি ইত্যাদি বিষয়ে ধারণা প্রদানের জন্য ৪৩টি টিটিসিতে ৬০ দিনের বাধ্যতামূলক আবাসিক হাউজকিপিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে যথাযথ মূল্যায়ণের মাধ্যমে উত্তীর্ণদের সনদ প্রদান করা হয়। হংকংগামী নারী গৃহকর্মীদের জন্য House keeping & CantoneseLanguage কোর্সে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত হংকংস্থ এজেন্সির সাথে যৌথ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। এছাড়াও A2i প্রকল্পের উদ্যোগে বিকেটিটিসি, ঢাকায় E-Learning Platform for Migrant Workers নামে Innovation প্রকল্পের আওতায় বিদেশগামী নারী কর্মীদের ট্রেনিং প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে ২২,৬২৭ জন নারীকর্মীকে হাউজ কিপিং এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



হাউজ কিপিং এর ওরিয়েন্টেশন

### ২.৪ RPL কার্যক্রম:

দেশে ও বিদেশে বাংলাদেশি কর্মীদের কর্মস্থলে দীর্ঘদিন সংশ্লিষ্ট পেশায় কাজের মাধ্যমে দক্ষতা অর্জিত হলেও তাদের কোন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বা সনদ না থাকায় উচ্চতর পদে পদোন্নতি, মজুরীসহ সামাজিক মর্যাদা বৃদ্ধির ক্ষেত্রে দক্ষতার স্বীকৃতি স্বরূপ বিএমইটি'র আওতায় বিভিন্ন টিটিসিতে Recognition of Prior Learning (RPL) এর আওতায় সনদায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে প্রত্যাগত অভিবাসী কর্মীদের পূর্ব দক্ষতার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল এর আওতায় ৩৩টি টিটিসিতে এবং আইএলও'র অর্থায়নে ২০ টি টিটিসিতে জচখ এর মাধ্যমে স্ব-স্ব পেশায় কর্মীদের সনদায়ন করা হচ্ছে। RPL কর্তৃক সনদায়নের ফলে কর্মক্ষেত্রে কর্মীদের গ্রহণ যোগ্যতা বৃদ্ধি, উচ্চতর পদে উন্নীত হওয়ার সুযোগসহ অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক মর্যাদা বৃদ্ধির সুযোগ হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিলের অর্থায়নে ৭১৫জন বিদেশ প্রত্যাগত কর্মীকে, আইএলও'র অর্থায়নে ৪০০ জন এবং স্ব-অর্থায়নে ৪৬৫৯ জন কর্মীকে RPL এর আওতায় সনদায়ন করা হয়েছে।




RPLএর আওতায় সনদায়নের লক্ষ্যে দক্ষতা যাচাই কার্যক্রমের স্থিরচিত্র।

## ২.৫ Jiansu Maritime Institute (JMI) Nanjing, China এ প্রশিক্ষণ কার্যক্রম:

ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি) প্রশিক্ষণার্থীদের মেরিটাইম সেক্টরে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ তৈরিতে Jiangsu Maritime Institute (JMI), China এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর মধ্যে ২০১৭ সালে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত MoU এর আওতায় বর্তমানে প্রথম ব্যাচে আইএমটির প্রশিক্ষণার্থীদের ২৪ জন সমুদ্রগামী জাহাজে অন জব ট্রেনিং-এ অংশগ্রহণের প্রস্তুতি পর্যায়ে রয়েছে এবং দ্বিতীয়ব্যাচের ৩১ জন JMI China তে প্রশিক্ষণরত রয়েছে।Jiangsu Maritime Institute টি STCW ও IMO রেগুলেশনে পরিচালিত চীনের একটি স্বনামধন্য মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান।

## ২.৬ হেভি ইকুইপমেন্ট অপারেশন প্রশিক্ষণ:

নির্মাণখাতে হেভি ইকুইপমেন্ট পরিচালনায় দক্ষ কর্মীর দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে। উক্ত চাহিদা অনুযায়ী দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে SEIP এর সহায়তায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত নির্মাণখাতে ব্যবহৃত হেভি ইকুইপমেন্ট (রোড রোলার, ট্রাক ক্রেন, ফর্ক লিফট) সংগ্রহ, কারিকুলাম প্রস্তুত ও দক্ষ প্রশিক্ষক নিয়োগ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমানে চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া ও নীলফামারী টিটিসিতে ০৩ মাস মেয়াদী হেভী ইকুইপমেন্ট অপারেশন কোর্সে প্রশিক্ষণ চালু করা হয়েছে। এ প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় টিটিসিতে ২০০ ঘন্টা ইন-হাউজ ট্রেনিং এবং ১২০ ঘন্টা কন্সট্রাকশন ফিল্ডে এটাচমেন্ট হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করবে। ২০২১-২০২২ অর্থ বছরে ২৪০ জন কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



হেভী ইকুইপমেন্ট অপারেশন কোর্স

## ২.৭। পার্টনারশীপ ভিত্তিক প্রশিক্ষণ:

সরকারি-বেসরকারি অংশিদারিত্বে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিএমইটি বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে;

- BMET, KOICA ও LG ইলেকট্রনিক্স, বাংলাদেশ এর মধ্যে ত্রিপাক্ষিক সমঝোতার আওতায় বিকে টিটিসি ঢাকা ও চট্টগ্রামে আধুনিক RAC Inverter Lab স্থাপনপূর্বক Inverter Technology তে মোট ৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্তদের LG Butterfly, বাংলাদেশ ফ্যাক্টরিতে ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট প্রদানপূর্বক চাকুরীর ব্যবস্থা রয়েছে। এছাড়া এ চুক্তির আওতায় সংশ্লিষ্ট প্রশিক্ষকদের সিঙ্গাপুরে এ্যাডভান্স প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রয়েছে।
- ILO এর Skills-২১ প্রকল্পের আওতায় গাইবান্ধা টিটিসিতে ৪৫৫ জন এবং বাগেরহাট আইএমটিতে ২৪৭ জনকে NTVQF অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।




এসি এবং রেফ্রিজারেটরের মেইনটেন্যান্স প্রশিক্ষণ

- TTC ও BRDB এর যৌথ উদ্যোগে বিভিন্ন টিটিসিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। বিএমইটি এবং সৌদি আরবস্থ কোম্পানী TAKAMOL এর যৌথ উদ্যোগে সৌদি আরবে গমনেচ্ছু কর্মীদের দক্ষতা যাচাইয়ের লক্ষ্যে Testting Centre পরিচালনা ও সনদায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- বিএমইটি ও TAFE Australia, Queensland যৌথভাবে প্রশিক্ষণ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- হংকং এ গৃহকর্মী পেশায় নারী কর্মী প্রেরণের লক্ষ্যে হংকংস্থ এজেন্সির মাধ্যমে ক্যান্টোনিজ ভাষাসহ ৭৭ জনকে হাউজকিপিং ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- জার্মানভিত্তিক বেসরকারি সংস্থা GFA ও বিএমইটি'র মধ্যে স্বাক্ষরিত MoU এর আওতায় ৫টি টিটিসি ও ১টি আইএমটিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৪৮০ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



কম্পিউটার প্রশিক্ষণ

- IM Japan এর মাধ্যমে টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে কর্মী প্রেরণের পাশাপাশি Specified Skilled Workers (SSW) হিসেবে কেয়ারগিভার অকুপেশনে জাপানে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে বিএমইটি ও জাপানস্থ কোম্পানী WHITA Corporation এর মধ্যে একটি MoU স্বাক্ষরিত হয়। উক্ত MoU এর আওতায় কেয়ারগিভার পেশায় জাপানে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে জাপানের WHITA Corporation কর্তৃক ২০ জনকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। নির্বাচিতদের শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি, ঢাকায় কেয়ারগিভার অকুপেশনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।



ইলেক্ট্রিক্যাল প্রশিক্ষণ

## ২.৮ City & Guilds এর আওতায় প্রশিক্ষণ:

আন্তর্জাতিক সনদায়ন সংস্থা City and Guilds, যুক্তরাজ্য এর আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণ প্রাপ্তরা যথাযথ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে City and Guilds কর্তৃক সনদ প্রাপ্ত হয়েছে। নিম্নবর্ণিত ৪টি টিটিসিতে City and Guilds এর আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে:

| ক্রম | টিটিসির নাম | কোর্সের নাম |
|---|---|---|
| ১ | বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা। | ইলেকট্রিক্যাল |
| ২ | শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা। | হোটেল হাউজকিপিং |
| ৩ | বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম। | ইলেকট্রিক্যাল |
| ৪ | সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | কুকারি/শেফ |

City and Guilds এর আওতায় ৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনায় SEIP এর আর্থিক সহায়তায় ২১ জন প্রশিক্ষককে উচ্চতর লেভেলে ToT প্রদান করা হয়েছে। এক্ষেত্রে City and Guilds এর মাস্টার ট্রেইনারের মাধ্যমে ৭ দিন ব্যাপি প্যাডাগোজি ট্রেনিং ও ৮ দিন ব্যাপি স্কিল ট্রেনিং প্রদান করা হয়েছে। এছাড়া উক্ত ২১ জন প্রশিক্ষকের মধ্যে নির্বাচিত ১০ জনকে শ্রীলংকায় ৪ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করা হবে।

## ২.৯ KOICA এর কারিগরি ও আর্থিক সহায়তায় প্রশিক্ষণ:

বিএমইটি'র দক্ষতা উন্নয়ন কার্যক্রমে Korea International Cooperation Agency (KOICA) কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করছে। KOICA এর আর্থিক সহায়তায় বিএমইটি'র আওতাধীন বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা, বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম ও রাজশাহী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অত্যাধুনিক যন্ত্রপাতি সমন্বয়ে আধুনিকায়ন করা হয়েছে। এছাড়া KOICA এর কারিগরি ও SEIP এর আর্থিক সহায়তায় বিজি টিটিসি ঢাকা, খুলনা টিটিসি এবং সিলেট টিটিসির সংস্কার ও আধুনিকায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া KOICA এর সহায়তায় আইএমটি ও টিটিসির প্রশিক্ষকদের দক্ষতার বিভিন্ন লেভেলে ইলেকট্রিক্যাল, ওয়েল্ডিং, আরএসি, ইএমআই, প্লাম্বিং ইত্যাদি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।


ওয়েল্ডিং প্রশিক্ষণ

## ২.১০ ভাষা শিক্ষা প্রশিক্ষণ:

বিএমইটি'র অধীনে ৪১টি টিটিসিতে জাপানিজ, ইংরেজি, চায়নিজ (ক্যান্তোনিজ/ম্যান্ডারিন) এবং কোরিয়ান ভাষা কোর্স পরিচালনা করা হয়। প্রশিক্ষণ শেষে উত্তীর্ণরা জাপান, কোরিয়া, চীন, ম্যাকাও, হংকংসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে ৬৮৪ জন জাপানিজ ভাষা, ৩৯৬ জন কোরিয়ান ভাষা, ৩৮৭ জন ইংরেজি ভাষা, ৩৮ জন চাইনিজ ক্যান্তোনিজ এবং ১২ জন চায়নিজ ম্যান্ডারিন ভাষায় প্রশিক্ষণ গ্রহণ করেছে।

**বিএমইটি'র অধীনে চলমান ভাষা প্রশিক্ষণ কার্যক্রম**

| ক্রমিক নং | চলমান ভাষা প্রশিক্ষণ কোর্সসমূহ | টিটিসি'র নাম |
|---|---|---|
| ১. | জাপানিজ ভাষা (৬ মাস মেয়াদী) | বাংলাদেশ-কোরিয়া টিটিসি-ঢাকা, বাংলাদেশ-কোরিয়া টিটিসি-চট্টগ্রাম, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি-ঢাকা, আইএমটি-সিরাজগঞ্জ, টিটিসি-খুলনা, রাজশাহী, রংপুর, পাবনা, রাঙ্গামাটি, বান্দরবান, সাতক্ষীরা, নোয়াখালী, ময়মনসিংহ, নীলফামারী, দিনাজপুর, যশোর, মাদারীপুর, নরসিংদী, মাগুড়া, মৌলভীবাজার, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, ব্রাহ্মণবাড়িয়া, জয়পুরহাট, গাইবান্ধা, ঝিনাইদহ, জামালপুর, নেত্রকোনা, মেহেরপুর ও মহিলা টিটিসি, সিলেট । |
| ২. | কোরিয়ান ভাষা (৬ মাস মেয়াদী) | বাংলাদেশ-কোরিয়া টিটিসি-চট্টগ্রাম, টিটিসি-রাজশাহী, রংপুর, পাবনা, রাঙ্গামাটি, নোয়াখালী, ময়মনসিংহ, নীলফামারি, মাদারীপুর, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, ব্রাহ্মণবাড়িয়া, জয়পুরহাট, মানিকগঞ্জ, বরগুনা, গোপালগঞ্জ, সাতক্ষীরা, কুমিল্লা। |
| ৩. | ইংরেজি ভাষা (২ মাস মেয়াদী) | শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি-ঢাকা, বাংলাদেশ-জার্মান টিটিসি-ঢাকা, টিটিসি, খুলনা, রংপুর, সিলেট, পাবনা, ময়মনসিংহ, বরিশাল, চাঁপাইনবাবগঞ্জ, টাঙ্গাইল, ও মহিলা টিটিসি, চট্টগ্রাম। |
| ৪. | চাইনিজ ভাষা (ক্যান্টোনিজ/ম্যান্ডারিন) (৩ মাস মেয়াদী) | টিটিসি বান্দরবান, খাগড়াছড়ি ও নীলফামারী। |

## ২.১১ বিনামূল্যে প্রশিক্ষণ :

সুবিধাবঞ্চিত, দুঃস্থ ও দরিদ্র কর্মক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ তৈরি করে বেকারত্ব দূরীকরণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিএমইটি'র আওতায় বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। ২০২১ সাল পর্যন্ত মোট ৩২৩০ জন বেকার ও দরিদ্র যুবক-যুবতিকে বিভিন্ন টিটিসিতে কর্মসংস্থান উপযোগী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



## ২.১২ প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম:

বিএমইটি'র আওতাধীন বিভিন্ন আইএমটি ও টিটিসির প্রশিক্ষকদের দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া NTVQFএর আওতায় নিম্ন বর্ণিত লেভেল অনুযায়ী প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে:

| Sl | NTVQF Level | No. of Instructional Staff |
|---|---|---|
| 1 | NTVQF Level- I | 512 |
| 2 | NTVQF Level- II | 152 |
| 3 | NTVQF Level- III | 205 |
| 4 | NTVQF Level- IV | 128 |
| 5 | NTVQF Level- IV (Pedagogy) | 349 (Trainer & Assessor) |

## ২.১৩ বিনা অভিবাসন খরচে জাপানে কর্মী প্রেরণ:

**(ক) IM Japan এর মাধ্যমে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ:**



জাপানী ভাষা শিক্ষা ক্লাস

বিএমইটি ও International Manpower Development Organization, Japan (IM Japan) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) এর আওতায় জাপানে টেকনিক্যাল ইন্টার্ণ হিসেবে বিনা অভিবাসন ব্যয়ে কর্মী প্রেরণ করা হচ্ছে। ইতোমধ্যে ২৩০ জন টেকনিক্যাল ইন্টার্ণ জাপানে প্রেরণ করা হয়েছে। এক্ষেত্রে বিএমইটি'র নিয়ন্ত্রণাধীন ৩২টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৬ মাস মেয়াদী ভাষা প্রশিক্ষণ সম্পন্ন করে। পরবর্তীতে প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ভাষা প্রশিক্ষণ গ্রহণকারীদের IM Japan এর এর প্রতিনিধি কর্তৃক ভাষাগত দক্ষতা ও শারিরীক সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীরা অধিকতর ভাষাগত দক্ষতা, জাপানের খাদ্যাভাস, কৃষ্টি-কালচার ও নিয়ম নীতির বিষয়ে সম্যক জ্ঞান ও দক্ষতা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মানিকগঞ্জে জাপানী ও টিটিসি'র প্রশিক্ষকদের মাধ্যমে ও বিএমইটি'র তত্ত্বাবধানে ৬ মাস ব্যাপি আবাসিক প্রশিক্ষণ প্রদান করে জাপানে টেকনিক্যাল ইন্টার্ণ হিসেবে প্রেরণ করা হচ্ছে।

**(খ) SSW এর আওতায় জাপানে কর্মী প্রেরণ:**



জাপান গমনেচ্ছু কর্মীদের ব্যবহারিক ক্লাস

বাংলাদেশি দক্ষ কর্মীদের জাপানে কর্মসংস্থানের লক্ষ্যে ১৪টি পেশায় Specialized Skilled Worker (SSW) প্রেরণের উদ্দেশ্যে জাপানের বিচার বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, জাপানের জাতীয় পরিকল্পনা এজেন্সি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে একটি সহযোগিতা স্মারক (MoC) স্বাক্ষরিত হয়েছে। দক্ষ কর্মী প্রেরণকারী নবম দেশ হিসেবে বাংলাদেশ জাপানের সাথে এ সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। SSW এর আওতায় প্রশিক্ষণার্থীদের ভাষা শিক্ষা ও পেশাভিত্তিক দক্ষতা অর্জনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

## ২.১৪ বায়োমেডিক্যাল ট্রেডকোর্স পরিচালনা:

দেশে বিদেশে Bio-Medical Equipment Engineering/Technician এর ব্যাপক চাহিদা থাকায় এ খাতে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে সৌদি আরবস্থ AL MAML কোম্পানী ও বিএমইটি'র মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের আওতায় মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় "সৌদি-বাংলাদেশ ইনস্টিটিউট অব বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি" (SBIBMET) স্থাপনের জন্য ভৌত অবকাঠামো নির্মাণসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক পর্যায়ে ০৩ টি ট্রেডে (বায়োমেডিকেল ইন্সট্রুমেনটেশন, বায়োমেডিকেল ডায়াগনস্টিক ও বায়োমেডিকেল ইমেজিং) প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে।

## ২.১৫ হোটেল ম্যানেজমেন্ট কোর্স:

ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টরে দক্ষ কর্মী তৈরীর লক্ষ্যে SEIP এর সহযোগিতায় মৌলভীবাজার, পাবনা, চট্টগ্রাম মহিলা ও খুলনা মহিলা টিটিসিতে ৪ মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন, ফুড এন্ড বেভারেজ সার্ভিস ও হোটেল হাউজকিপিং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ০৩ মাস (২৬০ ঘন্টা) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ এবং ১ মাস (১০০ ঘন্টা) বিভিন্ন স্বনামধন্য হোটেলে এটাচমেন্ট হিসেবে ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। ইতোমধ্যে যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে এবং সংশ্লিষ্ট অকুপেশনে খন্ডকালীন দক্ষ প্রশিক্ষক নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

## ২.১৬ বিএমইটি'র আওতায় BTEB এর মাধ্যমে প্রস্তুতকৃত Competency Standard (CS):

| Sl | Occupation | NTVQF Level |
|---|---|---|
| 1. | Pattern Making & Cutting | Level1&2 |
| 2. | Mid-Level Supervisor | Level 3 |

| Sl | Occupation | NTVQF Level |
|---|---|---|
| 3. | Computer Aided Design Operation | Level 3 |
| 4. | Marine Diesel Engine Artificer | Level 1 |
| 5. | Pipe Fitting | Level 1 |
| 6. | Duct Fabrication | Level 2 |
| 7. | Auto Electricity | Level 1 |
| 8. | Programmable logic Controller | Level 3-4 |
| 9. | Automotive Mechanics | Level 1-4 |
| 10. | Welding | Level 1-4 |
| 11. | Graphic Design | Level 2-4 |
| 12. | Cooking | Level 1-4 |
| 13. | Tailoring & Dress Making | Level 1-4 |
| 14. | Machine shop practice | Level 1-4 |
| 15. | Refrigeration & Air–conditioning | Level 1-4 |
| 16. | Plumbing | Level 1-4 |
| 17. | Electrical Installation and Maintenance | Level 1-4 |
| 18. | Day Care Services | Level 3-4 |
| 19. | Geriatric Care Giving Services | Level 3-4 |
| 20. | Sewing Machine Operation | Level 2-4 |
| 21. | Catering | Level 2-4 |
| 22. | Mechatronics | Level 4-5 |

এছাড়া ৮ টি পেশায় Competency Based Learning Metirial (CBLM), 88 টি Competency Based Curriculum (CBC) প্রস্তুত করা হয়েছে।

## ২.১৭ প্রি-ডিপার্চার ওরিয়েন্টশন:

**প্রি-ডিপার্চার ওরয়িন্টেশন এর উদ্দেশ্য:**

- কর্মীদের প্রাক-বহির্গমন প্রস্তুতি সংক্রান্ত তথ্য, বৈধ উপায়ে স্বল্প খরচে বিদেশ যাওয়ার বিষয়ে ধারণা, বিদেশ গমন প্রক্রিয়ায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সহযোগিতা এবং যাত্রাপথে বিমানবন্দরে ও বিদেশে পৌছানোর পর করণীয় সম্পর্কে অবহিতকরণ।
- অভিবাসী কর্মীদের স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক তথ্য প্রদান এবং কর্মক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রে নিরাপত্তা বিধি অনুসরণ সম্পর্কিত তথ্য, বিদেশ হতে বৈধ পথে অর্থ প্রেরণের উপায় ও প্রেরিত অর্থের সঠিক বিনিয়োগ। বিদেশে বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রদত্ত সেবাসমূহ ও বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্র ও পরিবেশ সম্পর্কে ধারণা প্রদান।
- চুক্তিপত্র অনুযায়ী কর্মীদের প্রাপ্য সুযোগ-সুবিধা যেমন: কর্মঘন্টা, বেতন, ছুটি, ওভারটাইম, যাওয়া আসার বিমান ভাড়া ইত্যাদি বিষয়ে সচেতন হওয়া সম্পর্কে অবহিতকরণ।



প্রাক্-বহির্গমন প্রশিক্ষণ

বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে গমনকারী সকল কর্মীদের সঠিক পন্থায় বিদেশ গমন, গন্তব্য দেশের আইন-কানুন, খাদ্যাভ্যাস, স্বাস্থ্য, কর্মক্ষেত্রে করনীয়, সামাজিক রীতিনীতি, বৈধপথে রেমিট্যান্স প্রেরণ, উর্পাজিত অর্থের সঠিক বিনিয়োগ ইত্যাদি বিষয়ে ধারণা প্রদানের লক্ষ্যে সকল আইএমটি ও টিটিসিতে ০৩ দিনের বাধ্যতামূলক প্রি-ডিপার্চার ওরয়িন্টেশন কোর্স পরিচালনা করা হয়।উক্ত প্রি-ডির্পাচার কোর্সের ম্যানুয়াল আপডেট করা হয়েছে। আপডেট ম্যানুয়াল অনুয়ায়ী অডিও-ভিডিও কনটেন্টসহ লার্নিং ম্যাটেরিয়াল প্রস্তুত করা হয়েছে।

## ২.১৮ চতুর্থ শিল্পবিপ্লব এর আওতায় বিএমইটি'র প্রশিক্ষণ কার্যক্রম:


চতুর্থ শিল্প বিপ্লবের প্রভাবে সৃষ্ট কর্মসংস্থানের চাহিদা অনুযায়ী নতুন পেশায় কারিকুলাম ও মাস্টার ট্রেনার তৈরী এবং চতুর্থ শিল্প বিপ্লব ভিত্তিক দক্ষতা উন্নয়ন, পলিসি ফ্রেমওয়ার্ক ও স্ট্র্যাটেজি তৈরির বিষয়ে এটুআই-এর মাধ্যমে সিঙ্গাপুরের টেমাসেক ফাউন্ডেশন ইন্টারন্যাশনাল ও সিঙ্গাপুর পলিটেকনিকের সহযোগিতায় একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত পাইলট প্রকল্পের আওতায় এগ্রো সেক্টর ভিত্তিক ট্রেনিং প্রোগ্রাম চালুকরণে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ, BTEB এর অনুমোদন সাপেক্ষে কারিকুলাম প্রস্তুত ও প্রশিক্ষক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ২.১৯ সনদায়ন:

আইএমটিতে পরিচালিত ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এর কারিকুলাম অনুযায়ী পরিচালিত হয় এবং উর্ত্তীর্ণদের বিটিইবি হতে সনদ প্রদান করা হয়। এছাড়া অন্যান্য স্বল্পমেয়াদী কোর্সে নির্ধারিত কমপিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদান এবং বিটিইবি'র নির্ধারিত এ্যাসেসর কর্তৃক প্রশিক্ষার্থীদের চূড়ান্ত মূল্যায়ন ও সনদায়ন করা হয়। এক্ষেত্রে NTVQF লেভেল অনুযায়ী বিভিন্ন লেভেলে প্রশিক্ষণ প্রদান, মূল্যায়ন ও সনদায়ন করা হচ্ছে। হাউজ কিপিং ও প্রি-ডির্পারচার ওরিয়েন্টেশনকোর্সের ক্ষেত্রে বিএমইটি কর্তৃক অনলাইন ভিত্তিক সনদায়ন কার্যক্রম চালু করা হয়েছে।

## ২.২০ আইএমটি ও টিটিসির প্রশিক্ষণ পরিসংখ্যান:

ক) বছরভিত্তিক প্রশিক্ষণ:




খ) কোর্স ভিত্তিক প্রশিক্ষণ (২০২১-২০২২)

| ক্রম | প্রশিক্ষণ ক্যাটাগরি | সর্বমোট |
|---|---|---|
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | |
| | ক) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেরিন ও শিপবিল্ডিং টেকনোলজি) | ৫৭০ |
| | খ) এসএসসি ভোকেশনাল | ১৪,৭২০ |
| | গ) অন্যান্য স্বল্পমেয়াদী কোর্স | ৫০,৯১২ |
| | ঘ) SEIP এর অর্থায়নে পরিচালিত কোর্স | ১৮,৮১৫ |
| | ঙ) ভাষা প্রশিক্ষণ কোর্স | ১,৫১৭ |
| | **উপমোট =** | **৮৬,৫৩৪** |
| ২ | হাউজকিপিং কোর্স | ২২,৬২৭ |
| ৩ | প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন কোর্স | ৭,৪৭,১৪৪ |
| | **সর্বমোট =** | **৮,৫৬,৩০৫** |

# অধ্যায় ৩ নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রম

## ৩.১ ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অভিবাসন:

সরকারের ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০২১-২০২৫) বাস্তবায়নে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, পিছিয়ে পড়া জেলাসমূহ হতে অভিবাসনের হার বৃদ্ধি, বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষিত ও দক্ষ কর্মী তৈরী এবং অভিবাসী কর্মীর সুরক্ষা ও অধিকার নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। সরকারের ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত ১০টি এজেন্ডা নির্ধারণ করা হয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| Institutional and Legal Reform and Capacity Enhancement | Market Expansion and Economic Contribution | Skills Development | Access to Service | Access to Finance |
| Protection, Rights and Well-being | Digitization | Private Sector and Stakeholders Engagement | Cost of Migration | Reintegration |

## ৩.২ বৈদেশিক কর্মসংস্থানে বিএমইটি'র রেকর্ড:

বাংলাদেশ বিশ্বের অন্যতম প্রধান জনশক্তি প্রেরণকারী দেশ। সরকারের কূটনীতিক প্রচেষ্টায় দীর্ঘদিন পর বাংলাদেশের অন্যতম প্রধান শ্রমবাজার সংযুক্ত আরব আমিরাতে কর্মী প্রেরণ শুরু হয়। নানাবিধ পদক্ষেপের ফলে করোনা পরবর্তীতে বৈদেশিক শ্রমবাজার ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে। ফলে অতীতের যে কোন সময়ের তুলনায় রেকর্ড সংখ্যক ৯,৬৬,৫০৩ (নয় লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত তিন) জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়। ১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২অর্থবছরে ৯,৬৬,৫০৩ জন কর্মী বিদেশ গমন করেছে। তন্মধ্যে পুরুষ কর্মীর সংখ্যা ৮,৬১,২৬১ জন এবং নারী কর্মীর সংখ্যা ১,০৫,২৪২ জন ।



বৈদেশিক কর্মসংস্থান

## দেশভিত্তিক অভিবাসী কর্মী ২০২১-২২


| দেশের নাম | কর্মী সংখ্যা | দেশের নাম | কর্মী সংখ্যা | দেশের নাম | কর্মী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| সৌদি আরব | ৬,৫৩,৪১৪ | মোজাম্বিক | ৬৩ | মাদাগাস্কার | ৫ |
| ওমান | ১,১৯,৭২৯ | পাপুয়া নিউ গিনি | ৬১ | নরওয়ে | ৫ |
| ইউএই | ৮৩,৬৫৬ | আইভরি কোস্ট | ৫৩ | থাইল্যান্ড | ৫ |
| সিঙ্গাপুর | ৪৪,৭৫৫ | দক্ষিণ সুদান | ৫১ | বাহরাইন | ৪ |
| কাতার | ১৮,৩১৪ | স্লোভেনিয়া | ৪৭ | স্লোভাকিয়া | ৪ |
| জর্ডান | ১৫,৭৪২ | জার্মানি | ৪৩ | যুক্তরাষ্ট্র | ৪ |
| কুয়েত | ৮,০৮৫ | সুইডেন | ৪০ | ক্যামেরুন | ৩ |
| রোমানিয়া | ৫,৫৩৩ | ইথিওপিয়া | ৩৭ | রুয়ান্ডা | ৩ |
| মরিশাস | ২,৪০০ | চেক প্রজাতন্ত্র | ৩৫ | তুরস্ক | ৩ |
| দক্ষিণ কোরিয়া | ২৩৮৩ | জিবুতি | ৩৪ | অস্ট্রেলিয়া | ২ |
| মাল্টা | ১,৭১৩ | নিরক্ষীয় গিনি | ৩০ | বেলিজ | ২ |
| ইতালী | ১,২৭২ | ইয়েমেন | ২৮ | কেম্যান আইল্যান্ড | ২ |
| কম্বোডিয়া | ১,১১৩ | লাওস | ২৭ | গ্রীস | ২ |
| আলবেনিয়া | ৯,০০ | নেদারল্যান্ডস | ২৫ | গুয়েনা | ২ |
| সিশেলস | ৭৮২ | ইকুয়েডর | ২৪ | ইন্দোনেশিয়া | ২ |
| ক্রোয়েশিয়া | ৭০৭ | নাইজেরিয়া | ২২ | কেনিয়া | ২ |
| গায়ানা | ৫৮১ | মৌরিতানিয়া | ২১ | লাইবেরিয়া | ২ |
| পোল্যান্ড | ৫০৬ | বতসোয়ানা | ১৯ | লিথুনিয়া | ২ |
| লেবানন | ৪৩০ | চাঁদ | ১৯ | মরক্কো | ২ |
| সাইপ্রাস | ৩৯৯ | কিরগিজস্থান | ১৯ | নিউজিল্যান্ড | ২ |
| কানাডা | ৩৯৫ | বসনিয়া-হার্জেগোভিনা | ১৮ | সিয়েরালিওন | ২ |
| সোয়াজিল্যান্ড | ৩১৩ | পাকিস্থান | ১৬ | দক্ষিণ আফ্রিকা | ২ |
| বলিভিয়া | ২৭০ | অ্যাঙ্গোলা | ১৫ | বাহামাস | ১ |
| সার্ভিয়া | ২৪১ | গ্যাবন | ১৪ | বেলজিয়াম | ১ |
| যুক্তরাজ্য | ২৩৯ | সলোমান দ্বীপপুঞ্জ | ১৪ | বুলগেরিয়া | ১ |
| কঙ্গো | ২৩৭ | বুরুন্ডি | ১২ | ডেনমার্ক | ১ |
| জাপান | ২১০ | ব্রাজিল | ১১ | ইস্তোনিয়া | ১ |
| ব্রুনাই দারুসসালাম | ২০৯ | ঘানা | ১১ | আইসল্যান্ড | ১ |
| সোমালিয়া | ১৬৭ | আয়ারল্যান্ড | ১১ | ইরান | ১ |
| আলজেরিয়া | ১৩৪ | লিবিয়া | ১১ | জামাইকা | ১ |
| হাঙ্গেরি | ১১৬ | ফিনল্যান্ড | ৮ | লুক্সেমবার্গ | ১ |
| মালয়েশিয়া | ১০২ | কাজাকিস্তান | ৮ | মালাবি | ১ |
| পর্তুগাল | ৯৫ | মালদ্বীপ | ৮ | ম্যাক্সিকো | ১ |
| ফিজি | ৯৩ | ইরাক | ৭ | রাশিয়া | ১ |
| সুদান | ৮০ | সুরিনাম | ৭ | সুইজারল্যান্ড | ১ |
| শ্রীলংকা | ৭৬ | ভিয়েতনাম | ৭ | তুর্কিমেনিস্থান | ১ |
| হংকং | ৭৪ | মলদোভা | ৬ | ভার্জিন আইল্যান্ড | ১ |
| ইউক্রেন | ৭৪ | জর্জিয়া | ৫ | মোট= | **৯,৬৬,৫০৩ জন** |

উৎস : জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

**২০২১-২২ অর্থ বছরের প্রধান প্রধান দেশের বৈদেশিক কর্মসংস্থান:**

| দেশের নাম | বৈদেশিক কর্মসংস্থান |
|---|---|
| সৌদি আরব | ৬৫৩৪১৪ |
| ওমান | ১১৯৭২৯ |
| সংযুক্ত আরব আমিরাত | ৮৩৬৫৬ |
| সিঙ্গাপুর | ৪৪৭৫৫ |
| কাতার | ১৮৩১৪ |
| জর্ডান | ১৫৭৪২ |
| কুয়েত | ৮০৮৫ |
| রোমানিয়া | ৫৫৩৩ |
| মরিশাস | ২৪০০ |
| দক্ষিণ কোরিয়া | ২৩৮৩ |
| মাল্টা | ১৭১৩ |
| ইতালী | ১২৭২ |
| কম্বোডিয়া | ১১১৩ |
| অন্যান্য | ৮৩৯৪ |
| **মোট=** | **৯,৬৬,৫০৩ জন।** |

২০২১-২২ অর্থ বছরে প্রধান প্রধান দেশভিত্তিক বৈদেশিক কর্মসংস্থানের চিত্র।




২০২১-২২ অর্থ বছরে প্রধান প্রধান দেশভিত্তিক বৈদেশিক কর্মসংস্থানের চিত্র।

## ৩.৩ জেলা ভিত্তিক অভিবাসন:

২০২১-২২অর্থ বছরে বিদেশগামী কর্মীদের জেলা ভিত্তিক তথ্য নিম্নরুপ:

| জেলার নাম | কর্মীর সংখ্যা | জেলার নাম | কর্মীর সংখ্যা | জেলার নাম | কর্মীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| কুমিল্লা | ১,০০৪৬৮ | বগুড়া | ১৩,২৪৫ | বাগেরহাট | ৪,৪৬৬ |
| ব্রাহ্মণবাড়িয়া | ৬১,৬৮৯ | শরিয়তপুর | ১২,৫৩১ | পটুয়াখালী | ৪,২৮০ |
| চট্টগ্রাম | ৫১,৭৫৫ | কক্সবাজার | ১২,২৫৫ | নাটোর | ৪,২১১ |
| চাঁদপুর | ৪১,৯৮৩ | বরিশাল | ১১,৯০৫ | গাইবান্ধা | ৪,১৮০ |
| নোয়াখালী | ৪১,৪৬৯ | জামালপুর | ৯,৫৯৫ | মাগুরা | ৪,১২৯ |
| কিশোরগঞ্জ | ৩৮,৩৯৫ | যশোর | ৯,৫৮১ | খুলনা | ৪,০৯৩ |
| টাঙ্গাইল | ৩৬,৯৬৫ | ভোলা | ৯,৫৭২ | রাজশাহী | ৪,০০৭ |
| নরসিংদী | ৩৩,৫৪৫ | নওগাঁ | ৯,৫২৫ | ঝালকাঠি | ৩,৫৬০ |
| ঢাকা | ৩১,৩৫০ | রাজবাড়ী | ৯,২০৭ | জয়পুরহাট | ৩,৩৫৬ |
| সিলেট | ২৯,৯৪৮ | ঝিনাইদহ | ৮,৯১৮ | কুড়িগ্রাম | ৩,১৭২ |
| লক্ষীপুর | ২৮,৬৭৫ | পাবনা | ৮,২৪৮ | রংপুর | ২,৭৯২ |
| হবিগঞ্জ | ২৭,১৭৬ | কুষ্টিয়া | ৮,১৮৫ | দিনাজপুর | ২,৪৮৭ |
| সুনামগঞ্জ | ২৪,১৯৯ | চাপাইনবাবগঞ্জ | ৭,৯৭০ | শেরপুর | ২,০৯১ |
| ময়মনসিংহ | ২৩,৯০৭ | গোপালগঞ্জ | ৭,০৩৬ | ঠাকুরগাঁও | ১,৭৩৩ |
| ফরিদপুর | ২৩,৬৫৫ | বরগুনা | ৬,৩১২ | নীলফামারী | ১,৫৫৫ |
| ফেনী | ২২,৮২৮ | পিরোজপুর | ৬,০২৪ | খাগড়াছড়ি | ১,৩১২ |
| মুন্সীগঞ্জ | ২২,৬২২ | মেহেরপুর | ৫,৬৮০ | রাঙ্গামাটি | ৮,৪০ |
| নারায়ণগঞ্জ | ২০,৯৩৪ | নেত্রকোনা | ৫,৫৫৩ | লালমনিরহাট | ৭,২৮ |
| গাজীপুর | ১৮,৮৬৮ | সিরাজগঞ্জ | ৫,৫৪৪ | পঞ্চগড় | ৬,৮৩ |
| মৌলভীবাজার | ১৭,৮৮৮ | চুয়াডাঙ্গা | ৫,১৮২ | বান্দরবান | ৬,৫৮ |
| মাদারীপুর | ১৬,৪৩২ | নড়াইল | ৪,৭৭২ | মোট= | ৯,৬৬,৫০৩ জন। |
| মানিকগঞ্জ | ১৬,০৩৫ | সাতক্ষীরা | ৪,৫৪৪ | | |

## ৩.৪ অভিবাসনে নারী কর্মী:

১৯৯১ সালে মাত্র ২১৮৯ জন নারী কর্মী গমনের মাধ্যমে অভিবাসনে নারী কর্মীর অংশগ্রহণ শুরু হয়। বর্তমানে প্রতি বছরে তা প্রায় এক লক্ষ্যে উন্নীত হয়েছে। তথাপিও অভিবাসনে নারীর অংশগ্রহণ খুবই অপ্রতুল যা বৃদ্ধিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনায় বিএমইটি কাজ করে যাচ্ছে। বিদেশ গমনেচ্ছু নারীদের নিরাপদ অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে হাউজ কিপিং কোর্সে ৬০ দিনের আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। হাউজকিপিং এন্ড ক্যান্টনিজ ল্যাংগুয়েজ কোর্সে ০২ মাস মেয়াদী আবাসিক প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষ নারীদেরকে হংকং ও ম্যাকাও এ প্রেরণ করা হচ্ছে। গৃহকর্মী পেশা ছাড়াও গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত নারীগণ দেশীয় কর্মসংস্থানের পাশাপাশি জর্ডান, মরিশাসসহ বিভিন্ন দেশে গার্মেন্টসকর্মী হিসেবে গমনের সুযোগ পাচ্ছে।চীন ও জাপানে কেয়ারগিভার পেশায় নারী কর্মী প্রেরণ করা হচ্ছে। ২০২১-২২অর্থবছরে ১,০৫,২৪২জন নারী কর্মীর বৈদেশিক কর্মসংস্থান করা হয়েছে।




বৈদেশিক কর্মসংস্থানে নারী কর্মীরা


### ২০২১-২০২২ অর্থ বছরের বৈদেশিক কর্মসংস্থানে নারী কর্মীদের পরিসংখ্যান

প্রধান প্রধান দেশে প্রেরিত নারী কর্মীদের পরিসংখ্যান নিম্নরুপ;

| ক্রম | গন্তব্য দেশের নাম | প্রেরিত নারী কর্মীর সংখ্যা |
|---|---|---|
| ১ | সৌদিআরব | ৬৮১০৫ |
| ২ | ওমান | ১৭০৫৮ |
| ৩ | জর্ডান | ১৫৪৪৫ |
| ৪ | কাতার | ২০৫৮ |
| ৫ | ইউএই | ১২৩৫ |
| ৬ | মরিশাস | ২৭৮ |
| ৭ | লেবানন | ২৭৪ |
| ৮ | কুয়েত | ২২০ |
| ৯ | কানাডা | ২০৬ |
| ১০ | অন্যান্য | ৩৬৩ |
| | মোট= | ১,০৫,২৪২ জন। |




২০২১-২২ অর্থ বছরের নারী কর্মীদের বৈদেশিক কর্মসংস্থানের চিত্র




২০২১-২২ অর্থ বছরের বৈদেশিক কর্মসংস্থানে গমনকৃত নারী কর্মীদের পাইচার্ট।


## ৩.৫ দক্ষতা ভিত্তিক কর্মীর পরিসংখ্যান:

দক্ষ কর্মীর অভিবাসন ব্যয় কম কিন্তু বেতন ও চাহিদা বেশি হওয়ায় সরকার বৈদেশিক কর্মসংস্থানে দক্ষ ও প্রশিক্ষিত কর্মী প্রেরণে সংকল্পবদ্ধ। এ লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)সহ মোট ৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে। কর্মসংস্থান উপযোগী ৫৫ টি ট্রেডে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। প্রশিক্ষণ কারিকুলামের মানন্নোয়ন এবং দক্ষতা সনদ আর্ন্তজাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য করার জন্য বিভিন্ন কাযক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে উচ্চ দক্ষতা সম্পন্ন কর্মী ৩০৮২ জন, দক্ষ কর্মী ১৯৭১৯০ জন, স্বল্প দক্ষ কর্মী ২৪৩৪৩ জন এবং ৭৪১৮৮৮ জন অদক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে।



**দক্ষতা ভিত্তিক কর্মীর পরিসংখ্যান;**

| ক্রম | নাম | পরিসংখ্যান |
|---|---|---|
| ০১ | পেশাজীবী | ৩০৮২ জন |
| ০২ | দক্ষ | ১৯৭১৯০ জন |
| ০৩ | স্বল্পদক্ষ | ২৪৩৪২ জন |
| ০৪ | অদক্ষ | ৭৪১৮৮৮ জন |




দক্ষতাভিত্তিক প্রেরিত কর্মীদের পাইচার্ট


## ৩.৬ রেমিটেন্স অর্জনে বিএমইটি'র ভূমিকা:

প্রবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্স দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। প্রবাসী বাংলাদেশি কর্মী কর্তৃক রেমিটেন্স প্রেরণের হার বৃদ্ধির লক্ষ্যে দেশে-বিদেশে মন্ত্রণালয়/বিএমইটি/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/শ্রম কল্যাণ উইংসমূহের উদ্যোগে বিভিন্ন কনফারেন্স, সেমিনার, উদ্বুদ্ধকরণ কর্মসূচি পালন করা হয়। প্রতিবছর সর্বোচ্চ রেমিটেন্স প্রেরণকারীদেরকে সিআইপি হিসেবে ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। এছাড়াও সরকার ঘোষিত ২.৫% প্রণোদনা প্রদান করা হচ্ছে। গত ২০২০-২০২১ অর্থ বছরে প্রেরিত রেমিটেন্স এর পরিমাণ ছিল ২৪.৭৭ বিলিয়ন মার্কিন ডলার। ২০২১-২০২২ অর্থ বছরে করোনা পরবর্তীতে রেমিটেন্স প্রেরণ কিছুটা স্থিমিত হয়েছে। তবে এবছর অন্য যে কোন সময়ের তুলনায় রেকর্ড সংখ্যক কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হওয়ায় রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাবে।





**২০২১-২২ অর্থ বছরে দেশভিত্তিক রেমিটেন্স এর পরিসংখ্যান:**

| দেশের নাম | রেমিটেন্স (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|
| সৌদি আরব | ৪৫৪১.৯৬ |
| যুক্তরাজ্য | ৩৪৬১.৬৮ |
| ইউএই | ২০৭১.৮৫ |
| সিঙ্গাপুর | ২০২৩.৬২ |
| ইতালি | ২০০২.৩৬ |
| দক্ষিণ কোরিয়া | ১৭১৭.১৪ |
| কুয়েত | ১৬৮৯.৫৯ |
| কাতার | ১৩৪৬.৪৭ |
| ওমান | ৮৯৭.৪০ |
| মালয়েশিয়া | ৬২৪.৮৬ |
| বাহরাইন | ৫৬৬.৬১ |
| যুক্তরাষ্ট্র | ৬৬.৮৯ |
| অন্যান্য | ১২৬৫.১৮ |
| **মোট=** | **২২২৭৫.৬১** |




২০২১-২২ অর্থ বছরে দেশ ভিত্তিক রেমিটেন্স প্রবাহের চিত্র।





২০২১-২২ অর্থ বছরে দেশ ভিত্তিক রেমিটেন্স প্রবাহের চিত্র।

**২০২১-২২ অর্থ বছরে মাসভিত্তিক রেমিটেন্স প্রবাহের পরিসংখ্যান নিম্নরুপ;**

| মাসের নাম | অর্জিত রেমিটেন্স (মিলিয়ন ডলার) |
|---|---|
| জুলাই/২০২১ | ১৮৭১.৪৯ |
| আগস্ট/২০২১ | ১৮১০.১০ |
| সেপ্টেম্বর/২০২১ | ১৭২৬.৭১ |
| অক্টোবর/২০২১ | ১৬৪৬.৮৭ |
| নভেম্বর/২০২১ | ১৫৫৩.৭০ |
| ডিসেম্বর/২০২১ | ১৬৩০.৬৬ |
| জানুয়ারি/২০২২ | ১৭০৪.৫৩ |
| ফেব্রুয়ারি/২০২২ | ১৫৯৪.৪৭ |
| মার্চ/২০২২ | ১৮৫৯.৭৩ |
| এপ্রিল/২০২২ | ২০১০.৮১ |
| মে/২০২২ | ১৮৮৫.৩৪ |
| জুন/২০২২ | ১৮৩৭.২৭ |
| **মোট=** | **২১১৩১.৬৮** |

**২০২১-২২ অর্থ বছরে মাসভিত্তিক রেমিটেন্স প্রবাহ চিত্র:**



### ৩.৭ জেলা কর্তৃক প্রদত্ত সেবা:

- বিএমইটি'র আওতায় হাউজকিপিং কোর্সে বর্তমানে ৪১টি টিটিসি এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলছে।
- গন্তব্য দেশসমূহে চাকরির সুযোগ, চাকরির শর্তাবলী, বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধাদি, শ্রম আইন, ভাষা, সংস্কৃতি, অভিবাসন ব্যয়, বৈধ চ্যানেলে রেমিটেন্স প্রেরণ প্রভৃতি বিষয়ে সম্যক ধারণা দেয়ার জন্য ০৩ (তিন) দিনের বাধ্যতামূলক প্রাক-বহির্গমন প্রশিক্ষণ ৬৪টি জেলা পর্যায়ে বিকেন্দ্রীকরণের মাধ্যমে বিদেশগামী কর্মীদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া সম্ভব হয়েছে। ফলে কর্মীদের সময়, অর্থ, ভিজিট ভোগান্তি হ্রাস পেয়েছে।
- বিদেশ গমনেচ্ছু ও বিদেশগামী কর্মীদের সেবা সহজীকরণার্থে ডিইএমও, রংপুর, সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা, গোপালগঞ্জ, পাবনা ও যশোর-এ বহির্গমন ছাড়পত্র তথা স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম চালু করা হয়েছে।
- জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সারা দেশে সকল জেলায় বিদেশগামী কর্মীদের জন্য নিবন্ধন ও ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হয়েছে।
- আমি প্রবাসী এ্যাপস এর মাধ্যমে নিবন্ধন বা রেজিস্ট্রেশন কার্যক্রম করা হয়েছে।

### ৩.৮ রেজিস্ট্রেশন:

বিদেশ গমনেচ্ছু কর্মীদের নাম নিবন্ধন বা রেজিস্ট্রেশন কার্যক্রম ব্যাপকভাবে সম্প্রসারণ ও তৃণমূল পর্যায়ে পৌঁছানোর লক্ষ্যে ডিইএমও অফিসের পাশাপাশি আমি প্রবাসী এ্যাপস এর মাধ্যমে নিবন্ধন বা রেজিস্ট্রেশন কার্যক্রম করা হচ্ছে । যে কোন বিদেশগমনেচ্ছু কর্মী দেশের যে কোন জায়গা থেকে টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করে অন-লাইনে ডাটাবেজে নাম নিবন্ধন বা রেজিস্ট্রেশন করতে পারে। ২০২১-২২ অর্থ বছরে ৯,৬৬,৫০৩জন কর্মীর রেজিস্ট্রেশন করা হয়েছে।




ডিইএমও অফিসে অনলাইন ডাটাবেজে নাম নিবন্ধন

### ৩.৯ ভিসা যাচাই:

সংযুক্ত আরব আমিরাত, সিঙ্গাপুর, কাতার, সৌদিআরব ও বাহরাইনের ভিসা অন-লাইনে যাচাই করা হয়। ফলে এ সকল দেশে জাল ভিসায় গমন রোধ করা সম্ভব হয়েছে।

| ক্রম নং | দেশের নাম | লিংক |
|---|---|---|
| ০১ | ইউএই | http://www.mol.gov.ae |
| ০২ | বাহরাইন | http://www.portal.lmra.bh/english |
| ০৩ | কাতার | http://www.moi.gov.qa/site/english |
| ০৪ | সিঙ্গাপুর | www.mom.gov.sg |
| ০৫ | সৌদিআরব | https://visa.mofa.gov.sa |




### ৩.১০ ফিঙ্গারপ্রিন্ট:

বিদেশগামী প্রত্যেক কর্মীর ফিঙ্গারপ্রিন্ট প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। ফিঙ্গারপ্রিন্ট প্রদান ছাড়া কোন কর্মীর স্মার্ট কার্ড প্রিন্ট হওয়ার সুযোগ নেই। এতে একজন কর্মীর পরিবর্তে অন্য কোন কর্মীর বিদেশ যাওয়ার পথ বন্ধ হয়েছে। বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গারপ্রিন্ট সেবা জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সারা দেশে সকল জেলায় বিদেশগামী কর্মীদের জন্য ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হয়েছে।



বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গারপ্রিন্ট গ্রহণের চিত্র।

## ৩.১১ স্মার্টকার্ড প্রদান:

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো হতে বিদেশগামী কর্মীদের স্মার্টকার্ড এর মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হয়। সরকার নির্ধারিত সকল ফি এবং বিদেশগামী কর্মীর ভিসা, বৈধ কাজের চুক্তিপত্রসহ অন্যান্য কাগজপত্র দাখিল সাপেক্ষে বিএমইটি হতে বিদেশগামী কর্মীগণ দুইভাবে স্মার্টকার্ড গ্রহণ করেন;

১) রিক্রুটিং এজেন্সির মাধ্যমে আবেদনকৃত কর্মীগণ।

২) বিদেশগামী কর্মী নিজে সরাসরি আবেদন করে।




## ৩.১২ ২০২১-২২ অর্থ বছরে বিএমইটি কর্তৃক আদায়কৃত রাজস্ব সংক্রান্ত তথ্য:

বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্র অনুমোদনের সময় সরকার কর্তৃক নির্ধারিত সকল ফি আদায় করা হয়ে থাকে। ২০২১-২০২২ অর্থ বছরে বিএমইটি কর্তৃক আদায়কৃত রাজস্ব সংক্রান্ত তথ্যাদি নিম্নরুপ;

| ক্রম নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | কল্যাণ ফি | ৩৯০,১০,৯৪৮২০/- |
| ২ | আয়কর | ৪৬,২১,৬৩৩০০/- |

## ৩.১৩ রিক্রুটিং এজেন্সির নতুন লাইসেন্স ইস্যুকরণ/নবায়ন/বাতিল:

- **রিক্রুটিং লাইসেন্স ব্যবস্থাপনা:**

বৈদেশিক কর্মসংস্থান বাংলাদেশের অর্থনীতির অন্যতম চালিকা শক্তি। প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স এর ওপর ভিত্তি করে বাংলাদেশের অর্থনীতি আজ মজবুত ভীতের ওপর দাঁড়িয়ে আছে। প্রতিবছর বাংলাদেশ হতে গড়ে প্রায় ০৭ লক্ষ কর্মী বৈদেশিক কর্মসংস্থানে যুক্ত হয়। এ বিশাল কর্মযজ্ঞ সরকারের একার পক্ষে করা সম্ভবপর নয়। বিধায় সরকার শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের অনুকূলে রিক্রুটিং লাইসেন্স ইস্যু করে। এ পর্যন্ত ইস্যুকৃত লাইসেন্সের সংখ্যা ১৯৬৫টি। তন্মধ্যে বর্তমানে হালনাগাদ নবায়নকৃত লাইসেন্সের সংখ্যা প্রায় ১৪৮৯ টি।

- **রিক্রুটিং লাইসেন্স প্রদান:**

২০২১-২০২২ অর্থ বছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে মঞ্জুরকৃত নতুন রিক্রুটিং লাইসেন্স এর সংখ্যা নিম্নরুপ;

| অর্থবছর | মঞ্জুরকৃত নতুন রিক্রুটিং লাইসেন্স এর সংখ্যা |
|---|---|
| ২০২১-২২ | ২৫০ টি |




২০২১-২২ অর্থ বছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে বিদেশে বাংলাদেশি নারী গৃহকর্মী প্রেরণের অনুমোদিত রিক্রুটিং এজেন্টের সংখ্যা নিম্নরুপ;

| অর্থবছর | অনুমোদিত রিক্রুটিং এজেন্ট এর সংখ্যা |
|---|---|
| ২০২১-২২ | ৩৯ টি |

- **রিক্রুটিং লাইসেন্স নবায়ন:**

রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ বিধিমালা, ২০১৯ এর বিধি ০৬ অনুযায়ী রিক্রুটিং এজেন্টকে লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার অন্যূন ০২ (দুই) মাস পূর্বে তফিসিল-১ অনুযায়ী নির্ধারিত ছকে নবায়নের আবেদন ফি এবং প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ মহাপরিচালক বরাবর আবেদন দাখিল করলে তদন্ত সাপেক্ষে ০৩ বছরের জন্য রিক্রুটিং লাইসেন্স নবায়ন দেয়া হয়। ২০২১-২২ অর্থ বছরে ২৩৩ টি রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নবায়ন দেয়া হয়েছে।

**রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত অন্যান্য কার্যক্রম:**

১। রিক্রুটিং এজেন্ট শাখা অফিস স্থাপন সংক্রান্ত তদন্ত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;

২। রিক্রুটিং এজেন্ট ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন সংক্রান্ত তদন্ত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;

৩। রিক্রুটিং এজেন্ট লাইসেন্সের নাম বা মর্যাদা পরিবর্তন সংক্রান্ত তদন্ত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;

৪। রিক্রুটিং এজেন্ট শেয়ার বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত তদন্ত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;

৫। রিক্রুটিং এজেন্ট সমর্পণ সংক্রান্ত তদন্ত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ।

## ৩.১৪ অভিযোগ ব্যবস্থাপনা:

যে সকল অভিবাসী কর্মী দেশের অভ্যন্তরে কিংবা বিদেশে কাজের উদ্দেশ্যে গিয়ে প্রতারণার শিকার হয় তাদের নিকট হতে অভিযোগ পাওয়ার প্রেক্ষিতে বিএমইটিতে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হয়। বিএমইটিতে দ্রুতসময়ে অভিযোগ নিস্পত্তিতে গৃহীত সাম্প্রতিক উদ্যোগ:

- অভিযোগ ব্যবস্থাপনা সেল কার্যকর/প্রবর্তন।
- অভিযোগ মনিটরিং ইউনিট চালু।
- প্রতিদিনের অভিযোগ প্রতিদিন নথিতে উপস্থাপনের বাধ্যবাধকতা চালু।
- কেস ডায়রি চালু ও ডেক্স কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায় আনয়ন।
- তদন্তকারী কর্মকর্তাদের অতিরিক্ত চাপ কমানোর জন্য দুইজন কর্মকর্তার পরিবর্তে একজন কর্মকর্তা দিয়ে তদন্তকরণ।
- প্রতিবেদন দাখিলের জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেয়া (সর্বোচ্চ ৩০ দিন)।
- বাদী/কর্মীর বক্তব্য ব্যতীত কোন প্রতিবেদন গ্রহণ না করা।
- প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের সত্যতা যাচাইয়ের জন্য ডেস্ক কর্মকর্তার মাধ্যমে কর্মী/বাদীর সাথে মোবাইলে কথা বলে অর্থ প্রাপ্তি/সালিশের বিষয় নিশ্চিতকরণ।
- তদন্ত কর্মকর্তা নিয়োগ ও তদন্ত প্রতিবেদন গ্রহণ/নিস্পত্তিতে মহাপরিচালকের ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে যথাক্রমে পরিচালক ও অতিরিক্ত মহাপরিচালককে ক্ষমতা প্রদান।
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিএমইটি'র ২ (দুই) জন কর্মকর্তাকে সালিস কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান।

**২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত অভিযোগ, নিষ্পত্তিকৃত অভিযোগ এবং ক্ষতিপূরণ আদায়ের তথ্য:**

| প্রাপ্ত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | ক্ষতিপূরণ আদায় |
|---|---|---|
| ৬২২ | ২০৪ | ১,০৮,৪৩২৮০/- |








প্রবাসী কর্মী বা তার পরিবারের অভিযোগের প্রেক্ষিতে ক্ষতিপূরণ আদায়

# অধ্যায় ৪ ডিইএমও'র মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম

## ৪.১ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ৪২ থেকে ৬৪ এ উন্নীতকরণ

১৯৭৬ সালে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) প্রতিষ্ঠিত হয় প্রতিষ্ঠার পর থেকেই জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) সামগ্রিকভাবে বৈদেশিক কর্মসংস্থানে গমনেচ্ছু কর্মীদের ৪টি বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ৪২ টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের (ডিইএমও)'র মাধ্যমে প্রত্যাশিত সেবা প্রদান করে আসছে। ইতোমধ্যে এ সেক্টরের গুরুত্ব বিবেচনায় অবশিষ্ট ২২টি জেলা ডিইএমও স্থাপনের অনুমতি পাওয়ায় সকল জেলায় বিদেশ গমনেচ্ছু কর্মীদের সেবা প্রদানের পরিধির সম্প্রসারণ ঘটলো। নিম্নে নিরাপদ অভিবাসনের মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থানে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের কর্মকাণ্ড উপস্থাপন করা হলো;

**প্রবাস গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন:** প্রবাস গমনেচ্ছু কর্মীদের বিএমইটি'র অনলাইন ডাটাবেজে ডিইএমও এবং আমি প্রবাসী এ্যাপের মাধ্যমে নিবন্ধন করা।

**ফিংগার ইমপ্রেশন:** জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে এবং ডিইএমও'র মাধ্যমে ফিংগার ইমপ্রেশন গ্রহণ করা।

**প্রবাস ফেরতদের সহযোগিতা:** প্রবাস ফেরত কর্মীদের অনলাইন ডাটাবেজে নিবন্ধন করা, টিটিসি থেকে আরপিএল সনদ সংগ্রহে উৎসাহিত করা এবং প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ প্রাপ্তির পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।

**বহির্গমন ছাড়পত্র:** ৬টি জেলা হতে প্রবাসগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্র বা স্মার্ট কার্ড প্রদান করা।

**প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও):** অংশগ্রহনমূলক আলোচনা, ছবি, ভিডিও ক্লিপ প্রদর্শনের মাধ্যমে বিদেশ গমনেচ্ছু কর্মীদের তিন দিনের প্রি ডিপার্চার বা প্রাক বহির্গমন ওরিয়েন্টেশন এবং সার্টিফিকেট প্রদান করা।

**প্রবাসী কর্মীর মৃতদেহ আনয়ন ও দাফনে সহায়তা প্রদান:** প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন অথবা সংশ্লিষ্ট দেশে দাফন-এ ওয়ারিশদের মতামত সংগ্রহ করে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে দূতাবাসে প্রেরণ করা এবং বিমানবন্দর থেকে লাশ দাফন ও পরিবহন বাবদ পয়ত্রিশ হাজার টাকা প্রদানে সহযোগিতা করা।

**প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ওয়ারিশদের আর্থিক অনুদান প্রদান:** প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রাপ্তির জন্য পরামর্শ প্রদান, সরেজমিনে তদন্ত সাপেক্ষে ওয়ারিশ ও কাগজপত্র যাচাই-বাছাই করে ওয়ারিশদের তিন লক্ষ টাকা আর্থিক অনুদান প্রাপ্তিতে সহযোগিতা করা।

**মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বীমা/বকেয়া পাওনা প্রদান:** প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বীমা/বকেয়া বেতন প্রাপ্তির জন্য ওয়ারিশদের পরামর্শ প্রদান করা, পাওয়ার অব এটর্নি প্রস্তুত করে প্রেরণ করা এবং মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইসুরেন্স/বকেয়া পাওনা সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা করা।

**প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান:** প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে আবেদন করার পরামর্শ ও সহযোগিতা প্রদান করা। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রেরিত চেক শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা।

**প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদান:** প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রাপ্তির আবেদন গ্রহণ এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক ভাতা প্রদানের চেক বিতরণ করা।

**প্রবাসীর সন্তান কোটা:** প্রবাসী কর্মীর সন্তান কোটায় কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে তাদের ভর্তির জন্য সনদপত্র প্রাপ্তিতে সহযোগিতা করা।

**সালিশ/মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি:** জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ক্ষতিগ্রস্ত/প্রতারিত প্রবাস গমনেচ্ছু ও অভিবাসী কর্মীর নিকটাত্মীয়দের অনলাইনে অভিযোগ দাখিলে সহযোগিতা করা, লিখিত অভিযোগ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে প্রেরণ করা। এছাড়াও অভিযোগের প্রেক্ষিতে রিক্রুটিং এজেন্সির সাথে সালিশ বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করা।

**আইনগত সহায়তা প্রদান:** প্রতারিত বিদেশ গমনেচ্ছু বা অভিবাসী কর্মীদের বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩, সিআরপিসি, মানব পাচার আইন-২০১২'র আওতায় আইনগত সহায়তা প্রদান।

**মামলা পরিচালনা:** নিম্ন আদালত, শ্রম আদালত এবং রিভিশন মামলা পরিচালনা করা।

**আদালত কর্তৃক প্রদত্ত বিভিন্ন তদন্ত:** অভিবাসন সংক্রান্ত আদালত কর্তৃক প্রদত্ত বিভিন্ন মামলার তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।

**জেলা ভিজিলেন্স টাস্ক ফোর্স কমিটির সভা আয়োজন:** বৈদেশিক মুদ্রা অর্জনকারী অন্যতম খাত বৈদেশিক কর্মসংস্থানকে আরো গতিশীল ও দক্ষ করে তোলা, রিক্রুটিং এজেন্সিগুলোর কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং অভিবাসন প্রক্রিয়ায় যুক্ত দালাল ও প্রতারকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ বিষয়ে সদস্য সচিব হিসাবে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করা।

**সেমিনার আয়োজন:** নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন শীর্ষক সেমিনার আয়োজন করা।

**নারী গৃহকর্মী বাছাই:** বিনা খরচে পৃথিবীর বিভিন্ন দেশে নারী গৃহকর্মী প্রেরণের জন্য দুই মাসের প্রশিক্ষণের নিমিত্তে টিটিসি'র সহযোগিতায় নারী গৃহকর্মী বাছাই করা।

**পেশা নির্দেশনা:** বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় উৎসাহিত করা এবং পেশা নির্দেশনা প্রদান করা।

**ভিসা যাচাই:** বেশ কয়েকটি দেশের ভিসা অনলাইনে যাচাই করে প্রবাস গমনেচ্ছু কর্মীদের সহযোগিতা ও প্রতারণার হাত থেকে রক্ষা করা।

**আন্তর্জাতিক অভিবাসী দিবস পালন:** জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় প্রতি বছর ১৮ই ডিসেম্বর র‌্যালী, আলোচনা সভা, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা, ফুটবল ম্যাচ প্রভৃতির মাধ্যমে কার্যকরভাবে আন্তর্জাতিক অভিবাসী দিবস পালন করা।

**প্রকাশনা ও প্রচারণা:** অফিসের কার্যক্রম সেবা প্রদানের ধাপসমূহ প্রচারের জন্য হালনাগাদ তথ্য সম্বলিত লিফলেট, বুকলেট, ব্রশিয়র, পোস্টার, স্টিকার, প্রকাশ ও বিতরণ করা।

**নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে প্রচারণা:** জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ে নিরাপদ অভিবাসনে করণীয় বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য প্রচারণা কার্যক্রম পরিচালনা করা। এই কাজে ইউনিয়ন পরিষদ, শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় নেতাদের অন্তর্ভুক্ত করা এমনকি হাট-বাজারেও লিফলেট, ব্রশিয়র, পোস্টার, স্টিকার, ভিডিও ক্লিপ ব্যবহার করে সভার আয়োজন করা। বিশেষ করে নারী অভিবাসনে সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক আয়োজন করা।

**বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপন:** বিভিন্ন সরকারি দপ্তর, এনজিও, আইএনজিও, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন করে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি করা।

**নিরাপদ অভিবাসনে তথ্য প্রদান ও প্রচারণা:** বুকলেট, লিফলেট, পোস্টার, ভিডিও ডকুমেন্ট, ব্রশিয়রের মাধ্যমে প্রচারণা চালানো এবং অভিবাসন সংক্রান্ত অভিবাসন মেলা, ডিজিটাল মেলা, তথ্যমেলা'র মাধ্যমেও প্রচারণা চালানো ও তথ্য প্রদান করে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস।

**মানব পাচার রোধ:** জেলা প্রশাসনের মানবপাচার প্রতিরোধ কমিটি এবং এনজিও বিষয়ক সভায় যোগদান করে মানবপাচার প্রতিরোধে নিবিড়ভাবে কাজ করা।

**মানব সম্পদ উন্নয়ন:** টিটিসি, ভিটিটিআই, পলিটেকনিক ইন্সটিটিউট, যুব উন্নয়ন, মহিলা বিষয়ক প্রভৃতি কার্যলয়ের সাথে সংযুক্ত থেকে দক্ষতা উন্নয়ন তথা মানবসম্পদ উন্নয়নে কাজ করা।

**জব ফেয়ার:** বিভিন্ন ম্যানপাওয়ার রিক্রুটিং এজেন্সি ও টিটিসি'র সাথে সমন্বয় করে জব ফেয়ারের মাধ্যমে প্রবাস গমণেচ্ছু কর্মীদের কর্মসংস্থানের ব্যবস্থা করা।

**প্রবাস গমনেচ্ছু কর্মীদের ঋণ প্রাপ্তি:** প্রবাস গমনেচ্ছু কর্মীদের প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ প্রাপ্তির বিষয়ে পরামর্শ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।

**স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময়:** সেটকহোল্ডারদের সাথে মতবিনিময় সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, বোয়েসেল, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ব্যাংক, টিটিসি, আইএমটি, ডিইএমও'র কার্যক্রম তুলে ধরা।

**মেলায় অংশগ্রহণ:** জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন মেলা যেমন উন্নয়ন মেলা, ডিজিটাল মেলা, তথ্য মেলা, উদ্ভাবনী মেলা, প্রভৃতিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে নিরাপদ অভিবাসন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা।

**অভিযোগ গ্রহণ, তদন্ত, অভিযোগ নিষ্পত্তি, তদন্ত প্রতিবেদন অগ্রায়ন:** প্রতারিত প্রবাসী কিংবা প্রবাসী কর্মীর পরিবারের সদস্য কর্তৃক প্রদানকৃত অভিযোগ গ্রহণ, তদন্ত, শুনানীপূর্বক অভিযোগ নিষ্পত্তি কিংবা প্রয়োজনানুসারে অনিষ্পত্তিকৃত অভিযোগের তদন্ত প্রতিবেদন বিএমইটিতে প্রদান করা। বিএমইটি কর্তৃক নির্দেশিত অভিযোগের তদন্ত প্রতিবেদন বিএমইটিতে প্রেরণ করা।

# অধ্যায় ৫ উন্নয়ন প্রকল্প

## ৫.১ চলমান ও প্রস্তাবিত প্রকল্প:

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উন্নয়ন প্রকল্পসমূহের অনুমোদন, প্রক্রিয়াকরণ কার্যক্রম প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান তথা বিশ্ব ব্যাংক (WB), এশিয়ান উন্নয়ন ব্যাংক (ADB), কোরিয়ান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (KOICA), ইসলামিক উন্নয়ন ব্যাংক (IDB), আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের অনুমোদন কার্যক্রম মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। এছাড়া এ অনুবিভাগের মাধ্যমে দীর্ঘমেয়াদী, মধ্যমেয়াদী ও স্বল্প মেয়াদী উন্নয়ন পরিকল্পনাসমূহ প্রণয়ন করা হয়ে থাকে।

মাননীয় প্রধানমন্ত্রী গত ১৩.১১.২০১৪ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে তৃণমূল পর্যায়ে দক্ষতা প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোতে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী তৈরির নির্ধারিত লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী প্রতি উপজেলা থেকে প্রতিবছর গড়ে এক হাজার দক্ষ কর্মী বিদেশ প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

এ প্রেক্ষিতে এ মন্ত্রণালয় তার অধীনস্থ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র মাধ্যমে সারাদেশে প্রতিটি উপজেলায় পর্যায়ক্রমে একটি টিটিসি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় এ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় স্থানীয় ও বৈদেশিক শ্রমবাজারে চাহিদা অনুযায়ী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। এ লক্ষ্যে মোট ১৬৬৭ কোটি টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য "৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন" প্রকল্প শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন আছে।

**উন্নয়ন প্রকল্পসমূহ:**

ক. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বরাদ্দের বিপরীতে অগ্রগতি:

| ক্র/নং | আরএডিপি বরাদ্দ | | অবমুক্তি ব্যয় | আর্থিক অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | ব্যয় | বরাদ্দের শতকরা হার % |
| ০১ | মোট | ৪০৪১৮.০০ | ৩৯২১৪.০০ | ২৬১৮৮.৪৬ | ৬৪.৭৯% |
| ০২ | জিওবি | ৩৪৭৪৬.০০ | ৩৪৭৪৫.০০ | ২৩৮৪৯.৭৫ | ৬৮.৬৪% |
| ০৩ | প্রকল্প সাহায্য | ৫৬৭২.০০ | ৪৪৬৯.০০ | ২৩৩৮.৭১ | ৪১.২৩% |

**প্রকল্পভিত্তিক অগ্রগতির বিবরণ:**

(হিসাব লক্ষ টাকায়)

| ক্রম. | প্রকল্পের নাম (মেয়াদকাল)<br>প্রকল্প পরিচালকের নাম, ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বর | মোট ব্যয়<br>জিওবি<br>প্রঃ সাঃ মোটঃ | জুন/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ সালের আরএডিপি বরাদ্দ মোট (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত অবমুক্তি মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | আরএডিপি বরাদ্দ অনুযায়ী ব্যয়ের শতকরা হার (বরাদ্দের%) | ক্রমপুঞ্জিত ভৌত/ বাস্তব অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বিনিয়োগ প্রকল্প<br>৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও চট্টগ্রামে একটি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (১ম সংশোধিত) (জানুয়ারি ২০১৬হতে জুন ২০২৩ পর্যন্ত)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ সাইফুল হক চৌধুরী | ১৬৬৭০৭.৯২ | ৭৬৭৮৬.২০ | ২৬৭৪৬.০০ | ২৬৭৪৬.০০ | ১৬৮৬৬.০৪ | ৬৩.০৬% | ৭১% | |
| ২ | ঢাকা কারিগরি শিক্ষক ইন্সটিটিউট স্থাপন (২য় সংশোধিত) (জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২২ পর্যন্ত)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোছাঃ শরীফা সুলতানা | মোট :<br>৯৮৬৮.০০<br>জিওবি:<br>৩২২৮.০০<br>পিএ: ৬৬৪০.০০ | মোট :<br>৩৩২৫.৩৩<br>জিওবি: ৭৬৫.৪৮<br>ডপিএ:<br>২৫৫৯.৮৫ | মোট :<br>৩২৮৩.০০<br>জিওবি:১০২৩.০০<br>পিএ: ২২৬০.০০ | মোট :<br>৩২৮৩.০০<br>জিওবি:<br>১০২৩.০০<br>পিএ: ২২৬০.০০ | মোট :<br>১৬৩৪.৩১<br>জিওবি:<br>৮৪৪.৩৩<br>পিএ:<br>৭৮৯.৯৮ | ৪৯.৭৮% | ৭৬% | |
| ৩ | ঢাকা, চট্টগ্রাম ও খুলনাস্থ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তরসমূহের সংস্কার ও আধুনিকায়ন (জানুয়ারি ২০১৮- ডিসেম্বর ২০২২পর্যন্ত)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ মেহবুব আলম | ১৮৪১.০১ | ৭১৫.০২ | ৯৫০.০০ | ৯৫০.০০ | ৮৬০.৮৭ | ৯০.৬২% | ৯০% | |

| ক্রম. | প্রকল্পের নাম (মেয়াদকাল) প্রকল্প পরিচালকের নাম, ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বর | মোট ব্যয় জিওবি প্রঃ সাঃ মোটঃ | জুন/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ সালের আরএডিপি বরাদ্দ মোট (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত অবমুক্তি মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | আরএডিপি বরাদ্দ অনুযায়ী ব্যয়ের শতকরা হার (বরাদ্দের%) | ক্রমপুঞ্জিত ভৌত/ বাস্তব অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৪ | দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান (জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৪) প্রকল্প পরিচালক: জনাব শাহ আলম | ২৬৭৩৪.৭৩ | ১৬৩৫.৮০ | ৬০২৬.০০ | ৬০২৬.০০ | ৫২০৮.৫১ | ৮৬.৪৩% | ৪৫% | |
| ৫. | Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants: (জুলাই২০২১হতে জুন২০২৩পর্যন্ত) প্রকল্প পরিচালক: জনাব আব্দুল ওয়াদুদ | মোট: ৪২৭৩০.৩৫ জিওবি: ২৩০.৩৫ পিএ: ৪২৫০০.০০ | - | মোট: ১০১৭.০০ জিওবি: ০০ পিএ: ১০১৭.০০ | ১০১৭.০০ | ৭০.০০ | ৬.৮৮% | ৫% | |
| | উপমোট (বিনিয়োগ প্রকল্প)= | | | ৩৮,০২২.০০ (প্রঃ সাঃ ৩২৭৭.০০) | ৩৭,০০৫.০০ (প্রঃ সাঃ ২২৬০.০০) | ২৪,৬৩৯.৭৩ (প্রঃ সাঃ ৭৮৯.৯৮) | ৬৪.৬২% | | |
| ১. | কারিগরি সহায়তা প্রকল্প: Application of Migration Policy for Decent Work for Migration Workers: (এপ্রিল ২০১৬ হতে জুলাই ২০২২) অফিসার ইনচার্জ: শেখ মুহাম্মদ রেফাত আলী, প্রোগ্রাম অফিসার, আইএলও মোবাইল নং- ০১৭০৮-৪৫১৮৫৪ | ৫৮৩২.৪৩ (জিওবি ৩০.০০, প্রঃ সাঃ ৫৮০২.৪৩) | ৩৫০৪.২১ (জিওবি ৩০.০০ প্রঃ সাঃ ৩৪৭৪.২১) | ২২০৯.০০ (প্রঃ সাঃ ২২০৯.০০) | ২২০৯.০০ (প্রঃ সাঃ ২২০৯.০০) | ১৫৪৮.৭৩ (প্রঃ সাঃ ১৫৪৮.৭৩)) | ৭০.১১% | ৯২% | |

| ক্রম. | প্রকল্পের নাম (মেয়াদকাল) প্রকল্প পরিচালকের নাম, ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বর | মোট ব্যয় জিওবি প্রঃ সাঃ মোটঃ | জুন/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ সালের আরএডিপি বরাদ্দ মোট (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত অবমুক্তি মোট জিওবি (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের জুন/২০২২ পর্যন্ত ব্যয় মোট জিওবি (প্রঃ সাঃ) | আরএডিপি বরাদ্দ অনুযায়ী ব্যয়ের শতকরা হার (বরাদ্দের%) | ক্রমপুঞ্জিত ভৌত/ বাস্তব অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২. | Promoting Diaspora Investment and Optimal Usage of Remittance (ফেব্রুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)<br>প্রকল্প পরিচালক: মুশাররাত জেবীন<br>মোবাইল নং: ০১৮১৯২৪৩১৪৫ | মোট: ৯৪০.৯০<br>জিওবি: ১৬.১৩<br>পিএ: ৯২৪.৭৭ | - | মোট: ১৮৭.০০<br>জিওবি: ১.০০<br>পিএ: ১৮৭.০০ | - | - | ০% | ৫% | |
| | উপমোট (কারিগরি সহায়তা প্রকল্প)= | | | ২,৩৯৬.০০ (প্রঃ সাঃ ২,৩৯৫.০০) | ২,২০৯.০০ (প্রঃ সাঃ ২২০৯.০০) | ১,৫৪৮.৭৩ (প্রঃ সাঃ ১৫৪৮.৭৩) | | | |
| | **সর্বমোট =** | **মোট: ২,৫৪,৬৫৫.৩৪ (জিওবি: ১,৯৮,৭৮৮.১৪ প্র:সা: ৫,৫৮,৬৭.২০)** | **মোট: ৮৫,৯৬৬.৫৬ (জিওবি: ৭৯৯৩২.৫০ প্র:সা: ৬০৩৪.০৬** | **৪০,৪১৮.০০ (প্রঃ সাঃ ৫৬৭২.০০)** | **৩৯,২১৪.০০ (প্রঃ সাঃ ৪৪৬৯.০০)** | **২৬,১৮৮.৪৬ (প্রঃ সাঃ ২৩৩৮.৭১)** | **৬৪.৭৯%** | | |

## ৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের জুন/২০২২খ্রিঃ পর্যন্ত অগ্রগতির তথ্যাদি।

| | |
|---|---|
| ১। মন্ত্রণালয়ের নাম: | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২। বাস্তবায়নকারী সংস্থার নাম: | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ৩। প্রকল্পের নাম: | "৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প। |
| ৪। প্রকল্পের মূল উদ্দেশ্য: | ▪ স্থানীয় ও বৈদেশিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন করে বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;<br>▪ দক্ষ জনবল সরবরাহ বৃদ্ধির মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি ও পণ্যের মান উন্নতকরণ;<br>▪ সারা দেশে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ক্ষেত্র সুযোগ এবং প্রয়োগ বিস্তৃত করা। |
| ৫। প্রকল্পের প্রকল্প এলাকা: | বিভিন্ন জেলার ৪০টি উপজেলা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| ৬। প্রকল্পের মেয়াদকাল: | মূল: ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০খ্রিঃ পর্যন্ত।<br>১ম সংশোধিত: ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৬/২০২২খ্রিঃ পর্যন্ত।<br>মেয়াদ বৃদ্ধি: ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৬/২০২৩খ্রিঃ পর্যন্ত। |
| ৭। একনেক কর্তৃক অনুমোদনের তারিখ: | মূল: ২৪/১১/২০১৫ খ্রিঃ<br>১ম সংশোধিত: ২২/০৯/২০২০ খ্রিঃ |
| ৮। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়: | মূল: ১৩৩১২৯.৬৩ লক্ষ টাকা (জিওবি)<br>১ম সংশোধিত: ১৬৬৭০৭.৯২ লক্ষ টাকা (জিওবি) |
| ৯। প্রকল্পের প্রধান প্রধান অংগভিত্তিক প্রাক্কলিত ব্যয়: | ক) আবর্তক ব্যয় - ২৯০৩.৮৩ লক্ষ টাকা<br>খ) পূর্ত নির্মাণ - ১০৫৭৬৭.৬৬ লক্ষ টাকা<br>গ) বঙ্গবন্ধু ম্যূরাল নির্মাণ - ১২৩.০০ লক্ষ টাকা<br>ঘ) মোটরযান - ১৮৮৯.১৯ লক্ষ টাকা<br>ঙ) অফিস যন্ত্রপাতি - ৭০২.১০ লক্ষ টাকা<br>চ) আসবাবপত্র - ৭৮২১.৫০ লক্ষ টাকা<br>ছ) প্রশিক্ষণ যন্ত্রপাতি - ৩৩০২৩.০৬ লক্ষ টাকা<br>জ) জমি অধিগ্রহণ/ক্রয় - ১৪৪৭৭.৫৮ লক্ষ টাকা |
| ১০। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম: | ▪ ভুমি অধিগ্রহণ/ক্রয়;<br>▪ ভবনের স্থাপত্য নকশা; ভবন নির্মাণ কাজ;<br>▪ প্রশিক্ষণ যন্ত্রপাতি, অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়;<br>▪ টিটিসি ও আইএমটির জন্য উপযুক্ত এবং কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ প্রশিক্ষক নিয়োগ;<br>▪ যানবাহন ক্রয় |
| ১১। ২০২১-২২ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ: | ২৬৭৪৬.০০ লক্ষ টাকা |
| ১২। ২০২১-২২ অর্থ বছরের অবমুক্তি: | ২৬৭৪৬.০০ লক্ষ টাকা |
| ১৩। ২০২১-২২ অর্থ বছরের জুন/২০২২খ্রিঃ পর্যন্ত ব্যয় ও (অগ্রগতি %): | ১৬৮৬৬.০৪ লক্ষ টাকা |
| ১৪। জুন/২০২১খ্রিঃ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ও (অগ্রগতি%): | (বরাদ্দের-৬৩.০৬%, অবমুক্তির-৬৩.০৬%) |
| ১৫। জুন/২০২২খ্রিঃ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ও (অগ্রগতি%): | ৭৬৭৮৬.২০ লক্ষ টাকা (৪৬.০৬%) |

## ১৬। অর্থ বছর ভিত্তিক ক্রমপুঞ্জিত ব্যয় (জুন ২০২২ পর্যন্ত)

| অর্থ বছর | বরাদ্দ | খাতওয়ারী | অবমুক্ত | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | রাজস্ব | সম্পদ সংগ্রহ | জমি অধিগ্রহণ | পূর্ত নির্মাণ | ম্যুরাল | মোট |
| ২০১৫-২০১৬ | ২৮২৫.০০ | রাজস্ব: ৫.০০ | ২৮২৫.০০ | ২.৬২ | ৯.৭৮ | ২৮১০.০০ | ০.০০ | ০.০০ | ২৮২২.৪০ |
| ২০১৬-২০১৭ | ১১১৭৬.০০ | মূলধন: ২৮২০.০০ | ৭৫০০.০০ | ৩৪.৯৩ | ৮৯.৫৬ | ৩৯৩৭.৬১ | ৬১৯.৩২ | ০.০০ | ৪৬৮১.৪২ |
| ২০১৭-২০১৮ | ১৫৫৪২.৫০ | রাজস্ব: ৫৬.০০ | ১৫৪৯৫.০০ | ৫১.৩৪ | ০.০০ | ৮০৮.৮৬ | ৯৭২০.৪২ | ০.০০ | ১০৫৮০.৬২ |
| ২০১৮-২০১৯ | ২১৯২৩.০০ | মূলধন: ১১১২০.০০ | ২১৯২৩.০০ | ৬০.০৭ | ২.৩১ | ৮৭১.১১ | ১৭৪৭০.৪৯ | ০.০০ | ১৮৪০৩.৯৮ |
| ২০১৯-২০২০ | ২০০০০.০০ | রাজস্ব: ৩৫৪.০০ | ২০০০০.০০ | ৫২.৮১ | ৩৪১.৩০ | ০.০০ | ১৬২৬৫.১৩ | ০.০০ | ১৬৬৫৯.২৪ |
| ২০২০-২০২১ | ২৭৯৭৮.০০ | মূলধন: ১৯৬৪৬.০০ | ২৩৭৮১.৫৫ | ৪৮.৮৩ | ১০০০.০০ | ৫১৬৭.২৯ | ১৭৪২২.৪২ | ০.০০ | ২৩৬৩৮.৫৪ |
| ২০২১-২০২২ | ২৬৭৪৬.০০ | রাজস্ব: ৭০.০০ | ২৬৭৪৬.০০ | ৪৪.০৪ | ৩০০০.০০ | ০.০০ | ১৩৮০৪.৪৩ | ১৭.৫৭ | ১৬৮৬৬.০৪ |
| | | মোট= | **১১৮২৭০.৫৫** | **২৯৪.৬৪** | **৪৪৪২.৯৫** | **১৩৫৯৪.৮৭** | **৭৫৩০২.২১** | **১৭.৫৭** | **৯৩৬৫২.২৪** |

## ১৭। জমি অধিগ্রহণের বাস্তব অগ্রগতি (জুন ২০২২ পর্যন্ত)

আরডিপিপি'র প্রাক্কলিত ব্যয়: ১৪৪৭৭.৫৮ লক্ষ টাকা
প্রকৃত ব্যয়: ১৩৫৯৪.৮৭ লক্ষ টাকা, অগ্রগতি (%): ১০০%

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | জেলা | উপজেলা | জমির পরিমাণ | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | দখল হস্তান্তরের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | মানিকগঞ্জ | সিঙ্গাইর | ১.৫০ একর | ৬১০.০০ | ২৭-০৪-২০১৬ |
| ২ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | খুলনা | দিঘলিয়া | ১.৫০ একর | ৩১৯.২৫ | ২৭-১২-২০১৬ |
| ৩ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | খুলনা | পাইকগাছা | ১.৫০ একর | ১১৭.৯২ | ২৭-১২-২০১৬ |
| ৪ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | চাঁদপুর | চাঁদপুর সদর | ১.৫০ একর | ৫৪০.০০ | ০৮-০১-২০১৭ |
| ৫ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | সিরাজগঞ্জ | কামারখন্দ | ১.৫০ একর | ১৫২.৭০ | ২৫-০১-২০১৭ |
| ৬ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর | ১.৫০ একর | ১৪৬.৮৮ | ৩০-০১-২০১৭ |
| ৭ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | ময়মনসিংহ | হালুয়াঘাট | ১.৫০ একর | ২৫.০০ | ০৬-০২-২০১৭ |
| ৮ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | যশোর | কেশবপুর | ১.৫০ একর | ৪৬.০০ | ০৭-০২-২০১৭ |
| ৯ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | রংপুর | পীরগঞ্জ | ১.৫৪ একর | ১১২.৪০ | ০৮-০৩-২০১৭ |
| ১০ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | নাটোর | সিংড়া | ১.৫০ একর | ৩০.০০ | ১৬-০৩-২০১৭ |
| ১১ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | বরিশাল | গৌরনদী | ১.৫০ একর | ১৩৪.০৫ | ০২-০৫-২০১৭ |
| ১২ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | রংপুর | গঙ্গাচড়া | ১.৫০ একর | ৮৩.৬৯ | ০২-০৫-২০১৭ |
| ১৩ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | গাজীপুর | কাপাসিয়া | ১.৫০ একর | ২০৬.৪৭ | ১৪-০৬-২০১৭ |
| ১৪ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | জামালপুর | মেলান্দহ | ১.৫০ একর | ১২২.০০ | ০৫-০৭-২০১৭ |
| ১৫ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | চট্টগ্রাম | রাউজান | ১.৫০ একর | ১১৭.৭৬ | ২৬-০৭-২০১৭ |
| ১৬ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | নরসিংদী | মনোহরদি | ১.৫০ একর | ১১৮.১৩ | ৩০-০৭-২০১৭ |
